**আল কুরআন**

অনন্ত করুণাময় পরম দয়ালু
আল্লাহর নামে আরম্ভ করছি

এমন লোকের শাস্তি হলো
আল্লাহ, ফেরেশতাগণ এবং
মানুষ সকলেরই অভিসম্পাত।

সূরা আল ইমরান- ৮৭

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ শনিবার ॥ ২৪ অক্টোবর ২০২৬ ॥ ১২ জমাদিউল উলা ১৪৪৮ ॥ ০৮ কার্তিক ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ১৩৮ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট
এ্যাংকর সিমেন্ট
স্থায়িত্বের মজবুত বন্ধন
সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

## তরুণ প্রজন্মকে আসক্তি-হতাশা থেকে রক্ষায় খেলাধুলার বিকল্প নেই

**কীর্তনখোলা ডেস্ক**

তরুণ প্রজন্মকে মাদকাসক্তি, মোবাইল আসক্তি ও হতাশা থেকে রক্ষা করতে খেলাধুলার বিকল্প নেই বলে মন্তব্য করেছেন

২ এর পাতায় দেখুন



## জনগণের ভোট ছিনিয়ে নেওয়া হয়েছে: শফিকুর রহমান

**কীর্তনখোলা ডেস্ক**

জামায়াতে ইসলামীর আমির ও বিরোধীদলীয় নেতা শফিকুর রহমান অভিযোগ করেছেন ত্রয়োদশ জাতীয় নির্বাচনে

২ এর পাতায় দেখুন

## স্বরাষ্ট্রমন্ত্রী ও জ্বালানিমন্ত্রীকে পদত্যাগ করতে হবে: নাহিদ ইসলাম

**কীর্তনখোলা ডেস্ক**

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ হুইপ মো. নাহিদ ইসলাম বলেছেন, গত সাত মাসে

২ এর পাতায় দেখুন

## রাত ৮টায় বন্ধ হবে মার্কেট-দোকানপাট

**কীর্তনখোলা ডেস্ক**

শারদীয় দুর্গাপূজা উপলক্ষ্যে শপিং মল, মার্কেট ও দোকানপাট রাত ১০টা পর্যন্ত খোলা রাখার বিশেষ সুবিধা শেষ হয়েছে। ফলে শুক্রবার (২৩ অক্টোবর) থেকে আগের নিয়মে বেলা ১১টা থেকে রাত

২ এর পাতায় দেখুন

# চর দখলে প্রভাবশালী চক্র রক্তক্ষয়ী সংঘর্ষের আশঙ্কা

**ভোলা প্রতিনিধি**

নদীভাঙনে ভিটেমাটি হারিয়ে নিঃস্ব হওয়া মানুষের একটাই আশা থাকে- কখন নদী শান্ত হবে, কখন বন্ধ হয়ে আসবে ভাঙন, আর কবে জেগে উঠবে হারানো সেই চর। কিন্তু ভোলার উপকূলীয় জনপদে সেই চিরচেনা বাস্তবতা সম্পূর্ণ ভিন্ন। মেঘনা ও তেঁতুলিয়া নদীর বুকে যখনই নতুন চর জেগে ওঠে, তখনই ভাগ্য খোলে একশ্রেণির প্রভাবশালী চক্রের। অথচ নদীভাঙনে নিঃস্ব হওয়া প্রকৃত জমির মালিকরা মুখোমুখি হন চরম ষড়যন্ত্রের। ক্ষমতা ও দখলের রাজনীতিতে শেষ পর্যন্ত কোণঠাসা হয়ে পড়েন ভিটেমাটি হারানো অসহায় মানুষগুলো। স্থানীয়দের অভিযোগ, রাজনৈতিক পটপরিবর্তন কিংবা যে দলই ক্ষমতায় আসুক না কেন, সরকারদলীয় ছায়ায় একটি প্রভাবশালী চক্র রাতারাতি এসব চরের নিয়ন্ত্রণ হাতে নেয়। ক্ষমতা আর প্রভাব বিস্তার করে তারা চরগুলোতে একচ্ছত্র রাজত্ব কায়েম করে চলেছে। রাজাপুরের 'ভোলারচর', কাচিয়ার 'মাঝেরচর' কিংবা মদনপুরের 'বৈরাগীচর'- ভোলার এমন অসংখ্য চরে এখন চলছে তাদেরই অঘোষিত শাসন। অনুসন্ধানে দেখা যায়, এই দখলদার চক্রের নেপথ্যে রয়েছে স্থানীয় প্রভাবশালী কিছু ব্যক্তি। একসময় যারা সাধারণ জেলে, দিনমজুর কিংবা নদীর জলদস্যু হিসেবে পরিচিত ছিলেন, চরের জমি দখল ও চাঁদাবাজির অবৈধ টাকায় তারা আজ একেকজন অঢেল সম্পদের মালিক। লাঠিয়াল বাহিনী ও অবৈধ অস্ত্রের শক্তিতে আজ তারা রীতিমতো 'চর-দানবে' পরিণত হয়েছেন।

২ এর পাতায় দেখুন

### তিন মাসের মধ্যে একনেকে অনুমোদনের সম্ভাবনা

## ভাঙ্গা-বরিশাল চার লেন প্রকল্পে আশার আলো

**কীর্তনখোলা রিপোর্ট**

ভাঙ্গা-বরিশাল চার লেন সড়ক নির্মাণ প্রকল্প আগামী তিন মাসের মধ্যে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় অনুমোদন পেতে পারে। এ প্রকল্প বাস্তবায়িত হলে দক্ষিণাঞ্চলের সড়ক যোগাযোগব্যবস্থায় বড় ধরনের পরিবর্তন আসবে এবং পর্যটনকেন্দ্র কুয়াকাটায় যাতায়াত আরও সহজ হবে বলে আশা করা হচ্ছে। শুক্রবার (২৩ অক্টোবর) কুয়াকাটায় দুই দিনব্যাপী পর্যটন কার্নিভাল উপলক্ষে সাংবাদিকদের সঙ্গে এক মতবিনিময় সভায় এ আশাবাদের কথা জানান পরিকল্পনা প্রতিমন্ত্রী জোনায়েদ সাকী। প্রতিমন্ত্রী বলেন, ভাঙ্গা-বরিশাল চার লেন সড়ক প্রকল্প বাস্তবায়িত হলে দক্ষিণাঞ্চলের মানুষের যাতায়াতব্যবস্থায় বৈপ্লবিক পরিবর্তন আসবে। বিশেষ করে বরিশাল, পটুয়াখালী ও কুয়াকাটার মধ্যে

২ এর পাতায় দেখুন

### জিয়াউদ্দিন হায়দার

## জাতিসংঘের ৮১তম সাধারণ অধিবেশন বাংলাদেশের জন্য তাৎপর্যপূর্ণ

**ঝালকাঠি প্রতিনিধি**

জাতিসংঘের ৮১তম সাধারণ অধিবেশন বাংলাদেশের জন্য তাৎপর্যপূর্ণ ছিল বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রীর স্বাস্থ্যবিষয়ক বিশেষ সহকারী (প্রতিমন্ত্রী পদমর্যাদা) ড. এস এম জিয়াউদ্দিন হায়দার। তিনি বলেন, এবারের অধিবেশনে তুলনামূলক ছোট প্রতিনিধিদল নিয়ে বাংলাদেশ অংশ নিয়েছে। সেখানে দেশের স্বাস্থ্যব্যবস্থার পরিকল্পনা, প্রাথমিক স্বাস্থ্যসেবা ও রোগ প্রতিরোধের বিষয়গুলো তুলে ধরা হয়েছে। ঝালকাঠি প্রেসক্লাবের মিলনায়তনে বৃহস্পতিবার (২২ অক্টোবর) রাত ৮টায় তাকে দেওয়া সংবর্ধনা অনুষ্ঠানে এসব কথা বলেন জিয়াউদ্দিন হায়দার। জাতিসংঘের ৮১তম সাধারণ অধিবেশনে বাংলাদেশের স্বাস্থ্যব্যবস্থা নিয়ে বক্তব্য উপস্থাপন এবং স্বাস্থ্যবিষয়ক উচ্চপর্যায়ের অনুষ্ঠানের উদ্বোধনী পর্ব পরিচালনার স্বীকৃতি হিসেবে ঝালকাঠি প্রেসক্লাব ও ঝালকাঠি সাংবাদিক ইউনিয়ন

২ এর পাতায় দেখুন

## বরিশাল প্রেসক্লাবের অডিটোরিয়াম সংস্কার কাজের উদ্বোধন করলেন সিটি প্রশাসক শিরীন

**কীর্তনখোলা রিপোর্ট**

বরিশাল প্রেসক্লাবের অডিটোরিয়াম সংস্কার কাজের উদ্বোধন করেছেন বরিশাল সিটি করপোরেশনের (বিসিসি) প্রশাসক অ্যাডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীন। শুক্রবার (২৩ অক্টোবর) বেলা ১১টায় বরিশাল প্রেসক্লাবের অডিটোরিয়ামের এ সংস্কার কাজের উদ্বোধন করেন তিনি। বরিশাল প্রেসক্লাবের ঐতিহ্য ও সাংবাদিকদের পেশাগত কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ এই অডিটোরিয়ামের সংস্কার কাজের উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রেসক্লাব সভাপতি অধ্যক্ষ আমিনুল ইসলাম খসরু ও সাধারণ সম্পাদক এস.এম জাকির হোসেন। এ সময় আরও উপস্থিত ছিলেন প্রেসক্লাবের সিনিয়র সদস্য ও সাবেক সভাপতি অ্যাডভোকেট মানবেন্দ্র বটব্যাল, সিনিয়র সাংবাদিক বীর মুক্তিযোদ্ধা নুরুল আলম ফরিদ, বীর মুক্তিযোদ্ধা ও সিনিয়র সাংবাদিক অরূপ তালুকদার, সিনিয়র সাংবাদিক নাসিমুল

২ এর পাতায় দেখুন

## বাউফলে খাল থেকে দুই হাত বাঁধা যুবকের মরদেহ উদ্ধার

**বাউফল প্রতিনিধি**

পটুয়াখালীর বাউফল পৌর শহরের একটি খাল থেকে হাত বাঁধা অবস্থায় অজ্ঞাতপরিচয় এক যুবকের মরদেহ উদ্ধার করা হয়েছে। শুক্রবার (২৩ অক্টোবর) দুপুর আড়াইটার দিকে পৌরসভার ৮ নম্বর ওয়ার্ডের বাংলাবাজার এলাকায় জামে মসজিদের পাশের খালের ঘাটে মরদেহটি দেখতে পান স্থানীয়রা। স্থানীয়দের ভাষ্য, যুবকের দুই হাত রশি দিয়ে বাঁধা ছিল। তার সঙ্গে ইট বাঁধা একটি বস্তাও পাওয়া গেছে। বয়স আনুমানিক ৩০ থেকে ৩২ বছর। পরনে ছিল লুঙ্গি ও খয়েরি রঙের স্যান্ডো গেঞ্জি। মরদেহ পচে যাওয়ায় এলাকায় দুর্গন্ধ ছড়িয়ে পড়ে। তবে তাঁর পরিচয় শনাক্ত করা যায়নি।

২ এর পাতায় দেখুন

*সম্পাদক থেকে পাঠক, সকলের মুক্ত মত......*

### হ্যালো ৯৯৯

## সড়ক পাকা করার দাবি

বরিশাল সদর উপজেলায় রায়পাশা-কড়াপুর ইউনিয়নের উত্তর শোলনা গ্রামের বাসিন্দাদের নিত্যদিনের দুর্ভোগ এই একটি কাঁচা রাস্তা। এই গ্রামে লাগেনি উন্নয়নের কোন ছোঁয়া। বরিশাল নগরীর শোলনা বাজারের পশ্চিম প্রান্ত থেকে উত্তর দিকে বয়ে যাওয়া এই সড়কটি বছরের ছয়মাসই থাকে কর্দমাক্ত! বর্ষা মৌসুম শেষ হয়েছে, কিন্তু এই সড়কের কর্দমাক্ততা এখনো শেষ হয়নি।

বরিশাল সদর উপজেলা এলজিইডি কিংবা স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান-মেম্বারদের দৃষ্টি নেই এদিকে। ভোটের সময় সবাই এই সড়কের উন্নয়নের আশ্বাস দেন, নির্বাচিত হয়ে আর কেউ এই সড়কের দিকে ফিরেও তাকান না। জনদুর্ভোগ লাঘবে সড়কটি পাকা করণের জন্য স্থানীয় সরকার পল্লী উন্নয়ন বিভাগের (এলজিআরডি) দৃষ্টি আকর্ষণ করছি।

**আযাদ আলাউদ্দীন**
সভাপতি, বরিশাল জেলা সাংবাদিক ইউনিয়ন
বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের
(বিএফইউজে) আওতাভূক্ত

ছাত্রদল নেতা তালুকদার সজলের পিতা বীরমুক্তিযোদ্ধা আব্দুস সোবাহান তালুকদারের কফিনে ফুলেল শ্রদ্ধা জানান অ্যাড. মজিবর রহমান সরোয়ার এমপি -কীর্তনখোলা

## বঙ্গোপসাগরে লঘুচাপ, দুই থেকে তিন দিনের মধ্যে পরিণত হবে ঘূর্ণিঝড়ে

**কীর্তনখোলা ডেস্ক**

মধ্য বঙ্গোপসাগরে ঘনীভূত সার্কুলেশনটি অবশেষে লঘুচাপে পরিণত হয়েছে এবং দ্রুত শক্তি সঞ্চয় করছে বলে জানিয়েছে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর। আগামী দুই থেকে তিন দিনের মধ্যে এটি গভীর নিম্নচাপ থেকে ঘূর্ণিঝড়ে পরিণত হয়ে ভারতীয় উপকূলে আঘাত হানতে পারে। এর প্রভাবে উত্তর বঙ্গোপসাগর উত্তাল হয়ে ওঠার আশঙ্কায় গভীর সাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারগুলোকে সতর্কতার সাথে চলাচলের নির্দেশ দেওয়া হয়েছে। একই সঙ্গে যেসব জমির ধান পেকে গেছে, সেগুলো আগামী ২৬ অক্টোবরের মধ্যে কেটে নিরাপদ স্থানে সরিয়ে নেওয়ার তাগিদ দেওয়া হয়েছে এবং যেসব কৃষক শীতকালীন নতুন সবজি চাষ বা বীজতলা তৈরির কথা ভাবছেন, তাদেরকে

২ এর পাতায় দেখুন

## বিপুল পরিমাণ ইয়াবাসহ চাকরিচ্যুত সেনা সদস্য ও তার স্ত্রী আটক

**কীর্তনখোলা রিপোর্ট**

বরিশাল নগরীতে পৃথক অভিযান চালিয়ে দুই হাজার ৩৫ ইয়াবাসহ চাকরিচ্যুত সাবেক সেনা সদস্য ও তার স্ত্রীকে আটক করেছে পুলিশ। শুক্রবার নগরীর বগুড়া রোড ও কাশীপুর এলাকায় অভিযান চালিয়ে তাদের আটক ও মাদক উদ্ধার করা হয় বলে জানিয়েছেন কোতয়ালী মডেল থানার পরিদর্শক (তদন্ত) লুৎফর রহমান। আটকরা হলেন- বরিশালের বাকেরগঞ্জ উপজেলার বিহারীপুর গ্রামের মো. মোনাছেফ আলীর ছেলে বেল্লাল হোসেন রাতুল (২৮) ও তার স্ত্রী লামিয়া আক্তার (২৬)। পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে নগরীর বগুড়া রোড সালাম সাইকেল স্টোরের সামনে অভিযান চালিয়ে ২৩৫ ইয়াবাসহ রাতুল ও তার স্ত্রীকে স্ত্রীকে আটক করা হয়। পরে তাদের দেওয়া তথ্য তথ্যের ভিত্তিতে কাশিপুর ফিশারী রোডে তাদের ভাড়া বাসায় তল্লাশী চালানো হয়। সেখান থেকে আরও

২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক

সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

| | | | |
|---|---|---|---|
| বুক ভিলা<br>সদর রোড, বরিশাল<br>01932-314219 | ইসলামিয়া লাইব্রেরি<br>প্যারারোড, সদর রোড, বরিশাল<br>01711-264963 | অংকুর লাইব্রেরি<br>সদর রোড, বরিশাল<br>01708-868515 | অংকুর লাইব্রেরি<br>সদর রোড, বরিশাল<br>01708-868514 |
| খন্দকার লাইব্রেরি<br>সদর রোড, বরিশাল<br>01711-047767 | নিউ মাহবুব লাইব্রেরি<br>সদর রোড, বরিশাল<br>01763-107720 | রহমান বুক হাউজ<br>প্যারারোড, সদর রোড, বরিশাল<br>01718-670945 | মজুমদার লাইব্রেরি<br>অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল<br>01716-139268 |
| অমৃত লাইব্রেরি<br>অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল<br>01719-408049 | নিউ কলেজ লাইব্রেরি<br>বি.এম কলেজের সামনে<br>01726-074663 | হক লাইব্রেরি<br>বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে<br>01724-851658 | আশরাফিয়া লাইব্রেরি<br>বি.এম কলেজ মসজিদ গেট<br>01717-488083 |

### আহ্বায়ক নাহিদ, সদস্য সচিব আখতার বহাল

## এনসিপির আহ্বায়ক কমিটি পুনর্গঠন নতুন পদে হাসনাত-সারজিস

**কীর্তনখোলা ডেস্ক**

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) ১৯৫ সদস্যবিশিষ্ট পুনর্গঠিত কেন্দ্রীয় আহ্বায়ক কমিটি ঘোষণা করা হয়েছে। এতে মুখ্য মুখপাত্র ও মুখপাত্র পদ বাদ দিয়ে সিনিয়র যুগ্ম আহ্বায়ক, যুগ্ম আহ্বায়ক ও সিনিয়র যুগ্ম সদস্যসচিব, যুগ্ম সদস্যসচিব পদ ঘোষণা করা হয়েছে। কমিটিতে আহ্বায়ক মো. নাহিদ ইসলাম ও সদস্য সচিব আখতার হোসেন রয়েছেন। শুক্রবার (২৩ অক্টোবর) দুপুরে দলের পাঠানো এক বিজ্ঞপ্তিতে তা জানানো হয়েছে। পুনর্গঠিত

২ এর পাতায় দেখুন

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

## প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

# সম্পাদকীয়

## নিরাপদ খাদ্য নিশ্চিত হোক

বিশ্বে প্রতি বছর অনিরাপদ ও ভেজাল খাদ্য খেয়ে ৬০ কোটি লোক অসুস্থ হয়ে পড়ে। তাদের মধ্যে ৪ কোটি মানুষের মৃত্যু হয়। বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (বিএফএসএ) আয়োজিত গবেষণার প্রাক-অবহিতকরণ সেমিনারে এসব তথ্য উঠে আসে। খাদ্যে ভেজাল, খাদ্যে বিষক্রিয়ার বিষয়টি নতুন কিছু নয়। সম্প্রতি এর ব্যাপ্তি যে হারে বাড়ছে, তাতে আতঙ্কিত হয়ে পড়ছে সাধারণ মানুষ। দেশি-আন্তর্জাতিক সব গবেষণায় দেশে খাবারের বিষক্রিয়ার বিষয়টি বারবার উঠে আসছে। ফুটপাত থেকে শুরু করে অভিজাত হোটেল, রেস্টুরেন্ট বা নামিদামি ব্র্যান্ডের পণ্যও এখন নিরাপদ নয়। জনসচেতনতা ও প্রশাসনিকভাবে সক্রিয় ভূমিকা পালন ব্যতীত ভেজালের দৌরাত্ম্য বন্ধ করা অসম্ভব। বিএফএসএ তথ্য বলছে, দেশে ৭০ ভাগ মৃত্যু হয় অসংক্রামক রোগে। তার মধ্যে ডায়রিয়ার কারণে মৃত্যু রয়েছে ৪ নম্বরে। মাইক্রো ও ন্যানো প্লাস্টিকের ব্যবহারের মাত্রা এমন পর্যায়ে গেছে, তা নদী ও সাগরে ছড়িয়ে পড়ছে। মানুষের স্বাস্থ্যের জন্য ক্ষতিকর। আমাদের সাধারণ মানুষের তথা নিম্ন আয়ের মানুষের অন্যতম পছন্দের খাবার পাঙ্গাশ ও তেলাপিয়া মাছে এন্টিবায়োটিক ব্যবহার করা হচ্ছে। এর মাত্রা এত বেশি যে, শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা কমে যায়। খাদ্যে ভেজাল দেয়া কিছু মানুষের চরিত্রগত বদঅভ্যাস। এটা বন্ধ করতে হবে। পাশাপাশি খাদ্যে ভেজালের বিষয়ে মানুষকে সচেতন করা দরকার। বিভিন্ন হোটেল-রেস্তোরাঁয় ভেজাল বা বাসি খাবার বা পচা খাবার সরবরাহের অভিযোগ অহরহ আমরা শুনে আসছি। এ ব্যাপারে নাগরিকদের সচেতন হতে হবে। ভেজালবিরোধী অভিযান আমরা প্রায় দেখি। কোনোভাবেই যেন এই চক্রকে দমন করা যাচ্ছে না। খাদ্যপণ্যে নকল ও ভেজাল আমাদের দেশের খাদ্য ব্যবসায়ীদের প্রবণতায় পরিণত হয়েছে। নিত্যপ্রয়োজনীয় পণ্যে ক্ষতিকর রং এবং অস্বাস্থ্যকর উপকরণের ব্যবহার অহরহ ঘটে। এসব খাবার খেয়ে সাধারণ মানুষ নানা রোগব্যাধিতে আক্রান্ত হচ্ছে। পরিবেশ বাঁচাও আন্দোলন এক গবেষণায় বলছে, শুধু ভেজাল খাদ্য গ্রহণের ফলে দেশে প্রতি বছর প্রায় ৩ লাখ লোক ক্যান্সারে আক্রান্ত হচ্ছে। ডায়াবেটিস আক্রান্তের সংখ্যা দেড় লাখ, কিডনি রোগে আক্রান্তের সংখ্যা ২ লাখ। এছাড়া গর্ভবতী মায়ের শারীরিক জটিলতাসহ গর্ভজাত বিকলাঙ্গ শিশুর সংখ্যা প্রায় ১৫ লাখ। এই পরিসংখ্যানটি আমাদের ভাবিয়ে না তুলে পারে না। খাদ্য, বস্ত্র, বাসস্থান, শিক্ষা ও স্বাস্থ্য মানুষের মৌলিক চাহিদা। এর মধ্যে খাদ্য একটি প্রধান ও অন্যতম মৌলিক চাহিদা। জীবনধারণের জন্য খাদ্যের কোনো বিকল্প নেই। সুস্বাস্থ্যের জন্য প্রত্যেকটি মানুষের প্রয়োজন বিশুদ্ধ ও পুষ্টিকর খাদ্য। আর এ বিশুদ্ধ খাদ্যই যদি অখাদ্যে রূপান্তরিত হয়, তা গ্রহণের পরিণতি অত্যন্ত ভয়াবহ। ২০১৫ সালে গঠন করা হয়েছে নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ। ভেজালবিরোধী সচেতনতা সৃষ্টির পাশাপাশি তারা কাজ করছে নিরাপদ খাদ্যপ্রাপ্তি নিশ্চিত করতে।

## রাত ৮টায় বন্ধ হবে

৮টা পর্যন্ত এসব প্রতিষ্ঠান খোলা রাখা যাবে। এতে মার্কেট ও দোকানপাট বন্ধের সময় দুই ঘণ্টা কমেছে। বিদ্যুৎ সাশ্রয় ও বিদ্যুৎ ব্যবস্থাপনা কার্যকর রাখতে চলতি বছর কয়েক দফায় দোকানপাট ও মার্কেট খোলা রাখার সময়সূচি পরিবর্তন করেছে সরকার। সর্বশেষ গত ৫ অক্টোবর বিদ্যুৎ বিভাগ দুর্গাপূজা উপলক্ষ্যে ২২ অক্টোবর পর্যন্ত দোকানপাট রাত ১০টা পর্যন্ত খোলা রাখার অনুমতি দেয়। বিদ্যুৎ বিভাগের নির্দেশনায় বলা হয়েছিল, দুর্গাপূজা উপলক্ষ্যে ২২ অক্টোবর পর্যন্ত বিভিন্ন শপিং মল, মার্কেট ও দোকানপাট বেলা ১১টা থেকে রাত ১০টা পর্যন্ত খোলা রাখা যাবে। ২৩ অক্টোবর থেকে আবারও বেলা ১১টা থেকে রাত ৮টা পর্যন্ত খোলা রাখার আগের নিয়ম কার্যকর হবে। নির্ধারিত সময়সীমা শেষ হওয়ায় শুক্রবার থেকে সেই নিয়ম কার্যকর হয়েছে।

## স্বরাষ্ট্রমন্ত্রী ও জ্বালানিমন্ত্রীকে পদত্যাগ

স্বরাষ্ট্রমন্ত্রী আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে সম্পূর্ণ ব্যর্থতার পরিচয় দিয়েছেন। একইভাবে জ্বালানি খাতেও সরকার কোনো উদ্যোগ নিতে পারেনি। তাই স্বরাষ্ট্রমন্ত্রী ও জ্বালানি মন্ত্রীকে অবিলম্বে পদত্যাগ করতে হবে। শুক্রবার (২৩ অক্টোবর) বিকেলে রাজধানীর কারওয়ান বাজারে এনসিপির আয়োজিত সপ্তাহব্যাপী লিফলেট বিতরণ ও গণসংযোগ কর্মসূচিতে তিনি এসব কথা বলেন। আইনশৃঙ্খলার অবনতি, দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি, জ্বালানি তেলের মূল্যবৃদ্ধি এবং রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে দলীয়করণের প্রতিবাদে আগামী ৩০ অক্টোবর গণবিক্ষোভ কর্মসূচি পালন করবে এনসিপি। এ কর্মসূচি সামনে রেখে সপ্তাহব্যাপী লিফলেট বিতরণ ও গণসংযোগ শুরু করেছে দলটি। দেশের সামগ্রিক পরিস্থিতিতে জনগণ নিজেদের খুব অসহায় বোধ করছে জানিয়ে তিনি বলেন, জাতীয় নাগরিক পার্টি জনগণের সঙ্গে আছে এবং থাকবে। এই গণবিরোধী ও অগণতান্ত্রিক সরকারের বিরুদ্ধে সর্বাত্মক প্রতিরোধ ছাড়া জনগণের অধিকার আদায় হবে না। নাহিদ ইসলাম বলেন, সরকারের এই সার্বিক ব্যর্থতার দায় স্বরাষ্ট্রমন্ত্রী ও জ্বালানিমন্ত্রীকে নিতে হবে। তাদের অবিলম্বে পদত্যাগ করতে হবে। গত সাত মাসে স্বরাষ্ট্রমন্ত্রী আইনশৃঙ্খলা পরিস্থিতি ঠিক রাখতে পারেননি। তিনি সংবিধান নিয়ে ব্যস্ত, সংবিধান কাটাছেঁড়া করছেন, যাতে ফ্যাসিবাদী ও স্বৈরাচারী কায়দায় জনগণের অধিকার স্থায়ীভাবে হরণ করা যায়। ফলে স্বরাষ্ট্রমন্ত্রী উদ্দিন আহমেদের এই দায়িত্বে থাকার কোনো নৈতিক অধিকার নেই। জ্বালানি মন্ত্রীর সমালোচনা করে তিনি বলেন, জ্বালানি মন্ত্রীকে কথা বলতেও দেওয়া হয় না। তিনি এখন কথাও বলেন না। জ্বালানি খাতে সাত মাস ধরে সরকার কোনো উদ্যোগ নিতে পারেনি। ফলে জ্বালানিমন্ত্রীরও দায়িত্বে থাকার কোনো অধিকার নেই। তিনি বলেন, ???বলতে গেলে মন্ত্রিপরিষদের একজনের পর একজনের নাম বলতে হবে। তবে আপাতত আমরা এই দুজনকে সরিয়ে মন্ত্রিপরিষদ পুনর্গঠনের দাবি জানাচ্ছি। এর আগে তথ্যমন্ত্রীকে সরিয়ে দেওয়া হয়েছে। কয়েকদিন আগে একজন সরিয়ে দেওয়া হয়েছে। কেন সরিয়ে দেওয়া হয়েছে, তা স্পষ্ট নয়। যারা সবচেয়ে বেশি অবহেলা করছেন, তাদের সরানো হচ্ছে না বা জবাবদিহির আওতায় আনা হচ্ছে না। আমরা তাদের জবাবদিহির আওতায় আনতে চাই। নাহিদ ইসলাম বলেন, জাতীয় নাগরিক পার্টির পক্ষ থেকে সবাইকে শুভেচ্ছা জানাচ্ছি। একই সঙ্গে আহ্বান জানাচ্ছি, আজ আমরা গণসংযোগ কর্মসূচিতে এসেছি। কারওয়ান বাজার দিয়ে আমাদের গণসংযোগ কর্মসূচি শুরু করছি। এর একটি বিশেষ কারণ আছে। কারওয়ান বাজার পুরো ঢাকা শহরের কাঁচাবাজার ও সবজির একটি কেন্দ্র। এখানে বিভিন্ন চাঁদাবাজি ও দখলদারত্বের কথা শোনা যায়। কয়েক মাস আগে এই কারওয়ান বাজারের ব্যবসায়ীরা ঐক্যবদ্ধভাবে চাঁদাবাজদের প্রতিহত করে এলাকা থেকে তাড়িয়ে দিয়েছিলেন। তিনি বলেন, এ কারণে আমরা কারওয়ান বাজার থেকে কর্মসূচি শুরু করছি। সারা বাংলাদেশে যেসব জায়গায় চাঁদাবাজি, সন্ত্রাস, দখলদারত্ব ও সিন্ডিকেটবাজির মাধ্যমে আধিপত্য বিস্তার করে জনগণের দুর্ভোগ সৃষ্টি করা হচ্ছে, তার বিরুদ্ধে জনগণকে ঐক্যবদ্ধ হতে হবে। এসব সন্ত্রাসী ও দখলদার বাহিনীকে প্রতিহত করতে হবে।

## জনগণের ভোট ছিনিয়ে

জনগণ তাঁদের ভোট দিয়েছে, তবে তা ছিনিয়ে নেওয়া হয়েছে। রাজধানীর আগারগাঁওয়ে শুক্রবার বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে দলের ঢাকা মহানগর উত্তরের রুকন সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ অভিযোগ করেন। শফিকুর রহমান বলেন, 'জনগণ আমাদের ভোট দিয়েছে, কিন্তু তা ছিনিয়ে নেওয়া হয়েছে। জনগণ আমাদের বলে–ভোট আপনাদের দিয়েছিলাম, কিন্তু আপনারা তা রক্ষা করতে পারলেন না। তখন আমাদের বলতে হয়–আমাদের দুর্বলতা ছিল।' তিনি আরও বলেন, 'আল্লাহর শুকরিয়া যে, মানুষ তাঁদের এত ভালোবাসা দিয়েছেন। জাতীয় নির্বাচনে নিজেদের ভুলত্রুটি ও দুর্বলতার জায়গাগুলো চিহ্নিত করা গেছে।' ভবিষ্যতে যেন 'একই ভুলের পুনরাবৃত্তি' না হয়, তিনি দলের নেতা-কর্মীদের সেদিকে সতর্ক থাকার নির্দেশ দেন। আসন্ন সিটি করপোরেশন নির্বাচনে যাঁদের প্রার্থী করা হয়েছে, তাঁদের মধ্যে আল্লাহর দেওয়া জ্ঞানের বড় নিয়ামত রয়েছে বলে জানান বিরোধীদলীয় নেতা। তিনি বলেন, 'জনগণকে সঙ্গে নিয়ে দুর্বৃত্তদের বিরুদ্ধে প্রাচীর গড়ে তুলতে হবে। কোনো চোরকে আর ছাড় দেওয়া হবে না।' জাতীয় নির্বাচনের ভুলগুলো নিয়ে পর্যালোচনা হয়েছে জানিয়ে জামায়াত আমির বলেন, 'এবার এগুলোর আলোকে কাজ করলে আশা করি আর ভুল হবে না। এই দেশের জনগণই ঠিক করবে, দেশ কারা পরিচালনা করবে।' শফিকুর রহমান বলেন, 'আমরা বসে বসে আর তামাশা দেখব না। আমরা সংগতভাবেই প্রতিবাদ করব এবং যেখানে আমাদের সামর্থ্য হবে, সেখানে প্রতিরোধ গড়ে তুলব। এই দেশ কোরআনের ভিত্তিতে পরিচালিত হবে, ইনশাআল্লাহ।' সম্মেলনে দলের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার, ঢাকা মহানগরী উত্তরের আমির মোহাম্মদ সেলিম উদ্দিন, কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য নুরুল ইসলাম বুলবুল, মোবারক হোসেনসহ অন্যান্য নেতারাও বক্তব্য দেন।

## তরুণ প্রজন্মকে আসক্তি-হতাশা

রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর।শুক্রবার (২৩ অক্টোবর) সন্ধ্যায় আরাফাত রহমান কোকো ১৮তম জাতীয় সামার অ্যাথলেটিকস প্রতিযোগিতা-২০২৬ উদ্বোধনকালে রাষ্ট্রপতি এ মন্তব্য করেন। তিনি জাতীয় স্টেডিয়ামে বেলুন ও ফেস্টুন উড়িয়ে প্রতিযোগিতার উদ্বোধন ঘোষণা করেন। অনুষ্ঠানে রাষ্ট্রপতি বলেন, খেলাধুলা তরুণদের শৃঙ্খলা, অধ্যবসায় ও আত্মবিশ্বাস শেখায়। তরুণ প্রজন্মকে ধ্বংসের হাত থেকে রক্ষা করে সুস্থ জাতি গঠনে খেলার মাঠ ও খেলাধুলার প্রসার জরুরি।অ্যাথলেটিকসকে ক্রীড়ার জননী উল্লেখ করে তিনি জানান, এখানে ক্রীড়াবিদের গতি, শক্তি, ক্ষিপ্রতা, শৃঙ্খলা ও সহনশীলতার প্রকৃত পরীক্ষা হয়। অ্যাথলেটিকসের ভিত্তি মজবুত হলে অন্যান্য খেলায়ও দেশের সক্ষমতা বাড়বে।রাষ্ট্রপতি বলেন, 'খেলাধুলা জাতীয় গৌরব ও ঐক্যের প্রতীক। আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের পতাকা ওড়ানো এবং বিজয়মঞ্চে জাতীয় সংগীত বাজানো পুরো জাতির জন্য গর্বের বিষয়। তখন সবার একটাই পরিচয়–আমরা বাংলাদেশি।'তিনি গুরুত্ব দেন যে, নিজেদের খেলোয়াড় তৈরি করতে হবে এবং আন্তর্জাতিক অঙ্গনে দেশের দলকে সাফল্য এনে দিতে হবে।মির্জা ফখরুল ইসলাম বলেন, দেশের ক্রীড়াঙ্গনে নতুন উদ্দীপনা সৃষ্টি হয়েছে। তৃণমূল পর্যায় থেকে সব ধরনের খেলাধুলাকে এগিয়ে নিতে প্রধানমন্ত্রী তারেক রহমান গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছেন। এ জন্য তিনি প্রধানমন্ত্রীকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। রাষ্ট্রপতি জানান, খেলাধুলার প্রসার, সুস্থ জাতি গঠন এবং কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে সরকার বিভিন্ন উদ্যোগ নিয়েছে। এর অংশ হিসেবে স্পোর্টস কার্ড, স্পোর্টস অ্যালাউন্স, তৃণমূল পর্যায় থেকে প্রতিভা অন্বেষণ কর্মসূচি এবং জেলা পর্যায়ে আধুনিক স্পোর্টস ভিলেজ গড়ে তোলার পরিকল্পনা বাস্তবায়ন করা হচ্ছে। প্রতিটি ইউনিয়নে একটি করে খেলার মাঠ নিশ্চিত করতে প্রধানমন্ত্রী নির্দেশ দিয়েছেন। এরই মধ্যে এ বিষয়ে কাজ শুরু হয়েছে।

## চর দখলে প্রভাবশালী চক্র

চর দখল, চরের চাষিদের কাছ থেকে জোরপূর্বক খাজনা আদায়, অনিয়ন্ত্রিতভাবে মাছের ঘের তৈরি এবং চরের জমি কেনাবেচার নামে সাধারণ মানুষের কাছ থেকে মোটা অঙ্কের টাকা হাতিয়ে নেওয়াই তাদের প্রধান ব্যবসায় পরিণত হয়েছে। ফলে আঙুল ফুলে কলাগাছ হচ্ছেন দখলদারেরা, আর বহু বছরের ভিটেমাটি হারিয়ে প্রকৃত জমির মালিকরা বাধ্য হয়ে আশ্রয় নিচ্ছেন বেড়িবাঁধে বা রাস্তার পাশে। অথচ বহু চরের প্রকৃত জমির মালিকদের কাছে এখনো রয়েছে শত বছরের পুরোনো সিএস কিংবা এসএ খতিয়ান। কিন্তু নদী থেকে নতুন চর জাগলে জমি জরিপ ও সীমানা নির্ধারণের আইনি জটিলতাকে সুযোগ হিসেবে কাজে লাগায় এই দখলদার চক্র। বৈধ কাগজপত্র থাকা সত্ত্বেও কেবল লাঠিয়াল বাহিনীর ভয়ে নিজেদের পৈতৃক জমিতে পা পর্যন্ত রাখতে পারেন না প্রকৃত মালিকরা। নিঃস্ব হওয়া ভুক্তভোগী জমির মালিক বাবুল হাওলাদার আকুতি জানিয়ে বলেন, নদী আমাদের সব কেড়ে নিয়েছিল। ভেবেছিলাম, নদী যখন চর ফিরিয়ে দিল, এবার বুঝি একটু মাথা গোঁজার ঠাঁই পাব। কিন্তু জমি জেগে ওঠার পর জোর করে তা দখল করে নেয় ওই প্রভাবশালীরা। আমাদের পৈতৃক জমি আছে, খতিয়ান আছে, কিন্তু গায়ের জোর আর ক্ষমতার কাছে আমরা জিম্মি। উপকূলীয় এলাকার এই দীর্ঘদিনের সংকট নিরসনে দ্রুত কার্যকর প্রশাসনিক হস্তক্ষেপের দাবি জানিয়েছেন স্থানীয় সচেতন মহল। তাদের মতে, ভোলার নতুন ও পুরোনো চরগুলোতে অতি দ্রুত সঠিক ও নিরপেক্ষ যৌথ জরিপ চালাতে হবে। জরিপ শেষে প্রকৃত ভূমিহীন ও নদীভাঙনের শিকার মানুষের মধ্যে ন্যায্য জমি বণ্টন নিশ্চিত করা এখন সময়ের দাবি। তবে প্রকৃত মালিকরা তাদের জমি বুঝে পাবেন, কোনো দখলদারত্ব চলবে না বলে জানিয়েছেন ভোলা সদর আসনের সংসদ সদস্য ও তথ্য ও সম্প্রচারমন্ত্রী আন্দালিভ রহমান পার্থ।

## এনসিপির আহ্বায়ক কমিটি পুনর্গঠন

কেন্দ্রীয় আহ্বায়ক কমিটিতে সিনিয়র যুগ্ম আহ্বায়ক হিসেবে নাসীরুদ্দীন পাটওয়ারী ও হাসনাত আব্দুল্লাহ দায়িত্ব পেয়েছেন। যুগ্ম আহ্বায়ক হলেন, অ্যাড. আব্দুল্লাহ আল আমিন, আরিফুল ইসলাম আদীব, ড. আতিক মুজাহিদ, আব্দুল হান্নান মাসউদ, আলী আহসান জুনায়েদ, সারোয়ার তুষার, আকরাম হুসাইন, সালেহ উদ্দিন সিফাত, ডা. মাহমুদা আলম মিতু, নুসরাত তাবাসসুম, মনিরা শারমিন, ব্যারিস্টার সানি আব্দুল হক, মাহবুব আলম, অ্যাড. মুজাহিদুল ইসলাম শাহীন, মাওলানা আশরাফ মাহাদী, সুলতান মোহাম্মদ জাকারিয়া, জাবেদ রাসিন, এহতেশাম হক, দিলশানা পারুল, প্রীতম দাশ, সামান্তা শারমিন, ইসহাক সরকার, তারেক এ আদেল, এ.কে. ফ্লোরা। পুনর্গঠিত কেন্দ্রীয় আহ্বায়ক কমিটিতে সিনিয়র যুগ্ম সদস্যসচিব হলেন মো. সারজিস আলম, আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া। যুগ্ম সদস্যসচিব হলেন, আলাউদ্দীন মোহাম্মদ (আন্তর্জাতিক), এস. এম. সাইফ মুস্তাফিজ (কোষাধ্যক্ষ), মো. নিজাম উদ্দিন, নাহিদা সারোয়ার নিভা, ফরিদুল হক, মো. আতাউল্লাহ প্রমুখ।

## বিপুল পরিমাণ ইয়াবাসহ চাকরিচ্যুত

এক হাজার ৮০০ ইয়াবা ও নগত এক লাখ টাকা উদ্ধার করা হয়। পরিদর্শক লুৎফর রহমান বলেন, রাতুল আগে সেনাবাহিনীতে কর্মরত ছিলেন। মাদক সেবন ও বিক্রিতে জড়িত থাকার অভিযোগে তাকে চাকরিচ্যুত করা হয়। এরপর তিনি মাদক বিক্রিতে জড়িয়ে পড়েন বলে পুলিশের দাবি। তাদের বিরুদ্ধে একাধিক মাদক মামলা রয়েছে। পরিদর্শক বলেন, গত মার্চেও ইয়াবাসহ রাতুলকে আটক করেছিল পুলিশ। ওই মামলায় তার বিরুদ্ধে আদালতে অভিযোগপত্র জমা দেওয়া হয়েছে। এ ঘটনায় বরিশাল মহানগর পুলিশের কোতোয়ালি ও এয়ারপোর্ট থানায় আলাদা দুটি মামলা হয়েছে। এসব মামলায় রাতুল ও তার স্ত্রীকে আসামি করা হয়েছে।

## বঙ্গোপসাগরে লঘুচাপ, দুই থেকে তিন

বৃষ্টি কেটে না যাওয়া পর্যন্ত কিছুদিন অপেক্ষা করার পরামর্শ দেওয়া হয়েছে। শুক্রবার (২৩ অক্টোবর) বাংলাদেশ ওয়েদার অবজারভেশন টিমের (বিডব্লিউওটি) দেওয়া পূর্বাভাসে এ তথ্য জানানো হয়। বিডব্লিউওটি-এর পূর্বাভাস অনুযায়ী, আগামী ১২ থেকে ২৪ ঘণ্টার মধ্যে লঘুচাপটি সুস্পষ্ট লঘুচাপে রূপ নিতে পারে। পরবর্তীতে ৪৮ ঘণ্টার মধ্যে এটি নিম্নচাপ বা গভীর নিম্নচাপে এবং ৭২ ঘণ্টার মধ্যে শক্তিশালী ঘূর্ণিঝড়ে পরিণত হওয়ার তীব্র সম্ভাবনা রয়েছে। প্রাথমিক হিসাব অনুযায়ী, আগামী ২৭ অক্টোবর সন্ধ্যা থেকে ২৮ অক্টোবর সকালের মধ্যে সম্ভাব্য এই ঘূর্ণিঝড়টি ভারতের পূর্ব উপকূলে আঘাত হানতে পারে। তবে এটি এখনো প্রাথমিক পূর্বাভাস হওয়ায় এর সঠিক গতিপথ, শক্তি ও আঘাতের সময়সূচিতে পরিবর্তন আসতে পারে। সংস্থাটি জানায়, যদিও সিস্টেমটির সরাসরি বাংলাদেশে আঘাত হানার ঝুঁকি এখন পর্যন্ত কম, তবুও এর পরোক্ষ প্রভাবে সারা দেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আবহাওয়াবিদদের মতে, ২৭ ও ২৮ অক্টোবর থেকে ১ ও ২ নভেম্বরের মধ্যে দেশের বিভিন্ন অঞ্চলে একটি শক্তিশালী বৃষ্টিবলয় সক্রিয় হতে পারে। একই সঙ্গে বঙ্গোপসাগর উত্তাল হয়ে ওঠার কারণে গভীর সাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারগুলোর জন্য ঝুঁকি বাড়ছে। সার্বিক পরিস্থিতিতে সাগরে অবস্থানরত জেলেদের সতর্কবার্তা অনুসরণ ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নির্দেশ মেনে চলতে বলা হয়েছে।

## রাজাপুরে ইউনিয়ন পৃথকীকরণ নিয়ে উত্তেজনা, ১৪৪ ধারা জারি

**রাজাপুর প্রতিনিধি**

ঝালকাঠির রাজাপুর উপজেলার গালুয়া ইউনিয়ন পৃথকীকরণের দাবিতে ও এর বিরোধিতায় পাল্টাপাল্টি মানববন্ধনের উদ্যোগকে কেন্দ্র করে গালুয়া বাজার ও আশপাশের এলাকায় ১৪৪ ধারা জারি করেছে উপজেলা প্রশাসন। শুক্রবার (২৩ অক্টোবর) বেলা ২টা থেকে আজ শনিবার দুপুর ১২টা পর্যন্ত এ নিষেধাজ্ঞা কার্যকর থাকবে। পরিস্থিতি নিয়ন্ত্রণে এলাকায় পুলিশ মোতায়েন করা হয়েছে। শুক্রবার সকালে রাজাপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রিফাত আরা মৌরি স্বাক্ষরিত এক আদেশে এ নিষেধাজ্ঞা জারি করা হয়। প্রশাসন সূত্রে জানা গেছে, উপজেলার ৪ নম্বর গালুয়া ইউনিয়ন পৃথকীকরণের পক্ষে ও বিপক্ষে দুটি পক্ষ পাল্টাপাল্টি কর্মসূচি পালনের উদ্যোগ নেয়। এ নিয়ে জননিরাপত্তা বিঘ্নিত হওয়ার আশঙ্কা তৈরি হলে উপজেলা প্রশাসন নিষেধাজ্ঞা জারির সিদ্ধান্ত নেয়। আদেশ অনুযায়ী, গালুয়া বাজার ও বাজারসংলগ্ন এলাকায় জনসাধারণের প্রবেশ, প্রকাশ্যে সভা-সমাবেশ, মিছিল, মিটিং এবং মাইকিংসহ শব্দবর্ধক যন্ত্রের ব্যবহার নিষিদ্ধ করা হয়েছে। এ ছাড়া বাজার ও বাজারসংলগ্ন এলাকার ২০০ মিটার ব্যাসার্ধের বাইরে সন্নিহিত এলাকায় পাঁচ বা ততোধিক ব্যক্তির একত্রে চলাফেরা, সমাবেশ, মিছিল ও মিটিংয়ের ওপর নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে। একই সঙ্গে লাঠি বা অন্য কোনো ধরনের অস্ত্র বহনও নিষিদ্ধ করা হয়েছে। নিষেধাজ্ঞা অমান্যকারীদের বিরুদ্ধে আইনানুগ শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে বলে আদেশে উল্লেখ করা হয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পারবে। শুক্রবার বিকেল পর্যন্ত গালুয়া বাজার এলাকায় পুলিশ মোতায়েন ছিল। সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, এ সময় পর্যন্ত কোনো অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রিফাত আরা মৌরি বলেন, 'জননিরাপত্তা নিশ্চিত করা এবং আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতেই এ নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। নিষেধাজ্ঞা কার্যকর থাকাকালে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী প্রয়োজনীয় ব্যবস্থা নেবে।'

## বরিশাল প্রেসক্লাবের অডিটোরিয়াম সংস্কার

আলম, বীর মুক্তিযোদ্ধা ও সিনিয়র সাংবাদিক আব্দুর রাজ্জাক ভূঁইয়া, সাবেক সভাপতি কাজী মেহেরুন্নেসা বেগম এবং সিনিয়র সাংবাদিক শাহিনা আজমিন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বরিশাল প্রেসক্লাবের সিনিয়র সহ সভাপতি জাকির হোসেন, সহ সভাপতি হুমায়ুন কবির, কোষাধ্যক্ষ সুখেন্দু এদবর, পাঠাগার সম্পাদক কে এম নয়ন, ক্রীড়া সম্পাদক খান রুবেল ও দপ্তর সম্পাদক নাসির উদ্দিন। এ ছাড়া প্রেসক্লাবের কার্যনির্বাহী কমিটির সিনিয়র সদস্য এম জহির, কমল সেনগুপ্ত, সুমন চৌধুরী, মঈনুল ইসলাম সবুজ ও শাহিন হাসানসহ প্রেসক্লাবের অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন।

## বাউফলে খাল থেকে দুই হাত

স্থানীয় কয়েকজন মুসল্লি জানান, শুক্রবার জুমার নামাজের আগে মসজিদের ঘাটে অজু করতে এসে তারা মরদেহটি দেখেননি। পরে দুপুরে সেটি দেখতে পান স্থানীয়রা। তাদের ধারণা, খালের স্রোতে ভেসে এসে মরদেহটি ঘাটে আটকে থাকতে পারে। স্থানীয় কয়েকজনের ধারণা, কয়েক দিন আগে ওই যুবককে হত্যা করে মরদেহ খালে ফেলে দেওয়া হয়ে থাকতে পারে। তবে মৃত্যুর কারণ বা হত্যার বিষয়ে নিশ্চিত কোনো তথ্য পাওয়া যায়নি। বাউফল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সিরাজুল ইসলাম বলেন, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। তদন্ত ছাড়া বিস্তারিত বলা যাচ্ছে না।

## জাতিসংঘের ৮১তম সাধারণ অধিবেশন

যৌথভাবে এ সংবর্ধনার আয়োজন করে। ড. জিয়াউদ্দিন হায়দার বলেন, এবার প্রথমবারের মতো ২৫ থেকে ২৬ জনের মতো কোর সদস্যের একটি ছোট দল নিয়ে আমরা প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে জাতিসংঘে গিয়েছিলাম। জাতিসংঘে প্রধানমন্ত্রীর পক্ষে বাংলাদেশের স্বাস্থ্য খাতের পরিকল্পনা ও ভাবনা উপস্থাপন করেছি। আমাদের উপস্থাপনা নিয়ে পাঁচটি দেশের স্বাস্থ্যমন্ত্রী আলোচনা করেছেন। স্বাস্থ্যব্যবস্থার পরিবর্তন পরিকল্পনা তুলে ধরে তিনি বলেন, আমরা প্রথমবারের মতো স্বাস্থ্যব্যবস্থায় পরিবর্তন আনতে চাই। আমরা চাই, রোগ হওয়ার আগেই রোগ নির্ণয় করতে। এ জন্য প্রাথমিক স্বাস্থ্যসেবাকে অগ্রাধিকার দিতে চাই। তিনি আরও বলেন, জাতিসংঘের অধিবেশনে বাংলাদেশের স্বাস্থ্যব্যবস্থা ঢেলে সাজানোর পরিকল্পনা, রোগ প্রতিরোধ এবং সংক্রমণের পরিস্থিতিতে কীভাবে কাজ করা যায়, তা তুলে ধরা হয়েছে। দেশের স্বাস্থ্যব্যবস্থায় কাঙ্ক্ষিত পরিবর্তন আনতে প্রতিরোধমূলক স্বাস্থ্যসেবার ওপর গুরুত্ব দেওয়া প্রয়োজন। প্রাথমিক স্বাস্থ্যসেবা, রোগ প্রতিরোধ এবং 'ওয়ান হেলথ' দর্শনের আলোকে স্বাস্থ্যব্যবস্থাকে এগিয়ে নেওয়ার বিষয়েও আলোচনা হয়েছে। শিক্ষা ও স্বাস্থ্য খাতের অতীত পরিস্থিতি তুলে ধরে জিয়াউদ্দিন হায়দার বলেন, গত ১৭ বছরে শিক্ষা ও স্বাস্থ্যব্যবস্থা ক্ষতিগ্রস্ত হয়েছে। পূর্বের তখনকার কাজগুলো হয়েছে ভৌগোলিক ও ব্যক্তিকেন্দ্রীক। শিশুদের ভবিষ্যৎ প্রসঙ্গে তিনি বলেন, প্রত্যেকের সাফল্য ও অর্জনের সুফল কোমলমতি শিশুদের কাছে পৌঁছে দিতে হবে। তাহলেই দেশ এগিয়ে যাবে। তিনি আরও বলেন, সারা বিশ্বই আমাদের কর্মস্থল। এই ভাবনা শিশুদের মধ্যে ছড়িয়ে দিতে হবে। স্বাস্থ্যসেবা থেকে শুরু করে ঝালকাঠির উন্নয়নেও সবাইকে একই মঞ্চে এসে কাজ করতে হবে। ঝালকাঠির উন্নয়ন পরিকল্পনা তুলে ধরে তিনি জানান, জেলাটির জন্য ৮০০ কোটি টাকার উন্নয়নকাজের বরাদ্দ একনেকে অনুমোদনের পর্যায়ে রয়েছে। বাসন্ডা সেতু দৃষ্টিনন্দনভাবে নির্মাণের পরিকল্পনা রয়েছে। এ ছাড়া নদীকেন্দ্রিক পরিবেশবান্ধব পর্যটন, ইকোপার্কে কালচারাল ভিলেজ, পরিচ্ছন্ন শহর, শহরে ডাম্পিং স্টেশন এবং প্রতিটি ইউনিয়নে স্বাস্থ্য হাব প্রতিষ্ঠার পরিকল্পনার কথাও জানান তিনি।

## ভাঙ্গা-বরিশাল চার লেন

সড়ক যোগাযোগ আরও উন্নত হবে। এর ফলে সাধারণ মানুষের যাতায়াতের পাশাপাশি পর্যটন, ব্যবসা-বাণিজ্য ও আঞ্চলিক অর্থনৈতিক কর্মকাণ্ড সম্প্রসারণের সুযোগ তৈরি হবে। এ সময় বরিশাল-কুয়াকাটা সড়কও চার লেনে উন্নীত করার পরিকল্পনার কথা জানান তিনি। এ উদ্যোগ বাস্তবায়িত হলে দেশের অন্যতম গুরুত্বপূর্ণ পর্যটনকেন্দ্র কুয়াকাটায় পর্যটকদের যাতায়াত আরও স্বাচ্ছন্দ্যপূর্ণ হতে পারে। পাশাপাশি সড়কে যানজট ও যাতায়াতের ভোগান্তি কমানো এবং দক্ষিণাঞ্চলের পর্যটনশিল্পের বিকাশেও ইতিবাচক প্রভাব পড়বে বলে আশা করা হচ্ছে। পরিকল্পনা প্রতিমন্ত্রী আরও বলেন, বর্তমান সরকার সব ধরনের উন্নয়ন কার্যক্রম সুনির্দিষ্ট মাস্টারপ্ল্যানের আওতায় গ্রহণ করছে। পরিকল্পিতভাবে প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নের মাধ্যমে উন্নয়নকাজে দীর্ঘসূত্রিতা কমানো সম্ভব হবে। একই সঙ্গে প্রকল্প বাস্তবায়নে সমন্বয় বাড়ানো এবং উন্নয়ন কার্যক্রমকে আরও কার্যকর করার ওপর গুরুত্ব দেওয়া হচ্ছে। সংশ্লিষ্ট ব্যক্তিরা মনে করছেন, ভাঙ্গা-বরিশাল চার লেন সড়ক প্রকল্প এবং বরিশাল-কুয়াকাটা সড়ক সম্প্রসারণের পরিকল্পনা বাস্তবায়িত হলে দক্ষিণাঞ্চলের যোগাযোগব্যবস্থায় নতুন সম্ভাবনার দ্বার খুলতে পারে। বিশেষ করে পর্যটননির্ভর অর্থনীতি, স্থানীয় ব্যবসা-বাণিজ্য এবং আঞ্চলিক যোগাযোগের ক্ষেত্রে এসব উদ্যোগ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। তবে ভাঙ্গা-বরিশাল প্রকল্পের চূড়ান্ত অনুমোদন ও বাস্তবায়নের অগ্রগতি নির্ভর করবে সংশ্লিষ্ট প্রক্রিয়া সম্পন্ন হওয়ার ওপর। মতবিনিময় সভায় বেসামরিক বিমান পরিবহন ও পর্যটনমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাত, পটুয়াখালী-৪ আসনের সংসদ সদস্য এবিএম মোশাররফ হোসেন এবং বরিশাল ও পটুয়াখালী জেলা প্রশাসনের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

## ফের যুদ্ধের আশঙ্কায় রণকৌশল বদলেছে ইরান, নতুন করে জড়াতে পারে একাধিক পক্ষ

**কীর্তনখোলা ডেস্ক**

ইরান যুক্তরাষ্ট্র-ইসরায়েলের সঙ্গে নতুন করে সামরিক সংঘাতের আশঙ্কায় প্রস্তুতি নিচ্ছে। দেশটির কর্মকর্তারা হুঁশিয়ারি দিয়েছেন, এবার হামলা হলে ইরানের পাল্টা জবাব হবে আরও ব্যাপক ও অনিশ্চিত। সংশোধিত সামরিক কৌশল, উন্নত অস্ত্রশস্ত্র এবং আগের দফার সংঘাতে হামলার শিকার হওয়া স্থাপনাগুলোর বাইরেও নতুন লক্ষ্যবস্তুতে আঘাত হানার পরিকল্পনা নিয়ে এগোচ্ছে তেহরান। এমন পরিস্থিতির মধ্যেই খবর প্রকাশিত হয়েছে, চলতি মাসের গোড়ার দিকে ইরানের বিরুদ্ধে নতুন করে বড় ধরনের বোমা হামলা চালানোর উদ্যোগ নিয়েছিলেন ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু। তবে তাতে আপত্তি জানান যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ইরানের সামরিক বিশেষজ্ঞ মোহাম্মদ সাদেক আলিজাদেহ লন্ডন থেকে প্রকাশিত মধ্যপ্রাচ্যকেন্দ্রিক সংবাদমাধ্যম দ্য নিউ আরবকে বলেন, ২০২৫ সালের জুনে সংঘটিত ১২ দিনের যুদ্ধ এবং ২৮ ফেব্রুয়ারি শুরু হওয়া ৪০ দিনের যুদ্ধ থেকে পাওয়া অভিজ্ঞতার ভিত্তিতে ইরানের ইসলামি বিপ্লবী গার্ড বাহিনীর (আইআরজিসি) মহাকাশ ও নৌবাহিনীর পাশাপাশি দেশটির সেনাবাহিনীর আকাশ প্রতিরক্ষাব্যবস্থার কৌশলে পরিবর্তন আনা হয়েছে। তিনি জানান, ইরান তাদের ক্ষেপণাস্ত্র ভান্ডারের কিছু অস্ত্রেরও উন্নয়ন ঘটিয়েছে। এর মধ্যে এমন কিছু ক্ষেপণাস্ত্রকে মডিউলার ব্যবস্থায় রূপান্তর করা হয়েছে, যেগুলো ইসরায়েল পর্যন্ত পৌঁছাতে সক্ষম। নতুন ব্যবস্থায় এসব ক্ষেপণাস্ত্র আরও দ্রুত সক্রিয় করা যাবে এবং এগুলো ব্যবহারে রসদ ও সরবরাহসংক্রান্ত জটিলতাও কম হবে। উপকূলীয় অঞ্চলে ব্যবহৃত জাহাজবিধ্বংসী ক্ষেপণাস্ত্রেও প্রযুক্তিগত উন্নয়ন ঘটানো হয়েছে। সাম্প্রতিক সামরিক মহড়াগুলোর একটি উদ্দেশ্য ছিল এসব ক্ষেপণাস্ত্রের সক্ষমতা পরীক্ষা করা। আলিজাদেহ আরও বলেন, মিত্র দেশগুলোর কাছ থেকে অস্ত্র কেনার সম্ভাবনা নিয়েও বিভিন্ন প্রতিবেদন প্রকাশিত হয়েছে। এসব অস্ত্রের মধ্যে হাইপারসনিক বা অতিধ্বনির গতিসম্পন্ন জাহাজবিধ্বংসী ক্ষেপণাস্ত্রও রয়েছে বলে খবর পাওয়া গেছে। তাঁর মতে, এ ধরনের অস্ত্রের গতিপথ হবে আরও জটিল, ফলে সেগুলোকে মাঝপথে প্রতিহত করা কঠিন হবে। তবে এসব ক্ষেপণাস্ত্রের পাল্লা ইরানের ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রের তুলনায় কম। আইআরজিসির সাবেক কমান্ডার হোসেইন কানানি মোগাদ্দাম বলেন, নতুন করে কোনো হামলা হলে ইরানের জবাব আগের সংঘাতগুলোতে দেখা পাল্টাপাল্টি হামলার মধ্যে সীমাবদ্ধ থাকবে না। তাঁর হুঁশিয়ারি, ইরানের অভিযান শুধু মধ্যপ্রাচ্যজুড়ে থাকা মার্কিন সামরিক ঘাঁটি ও ইসরায়েলি অবস্থানগুলোকে লক্ষ্য করেই পরিচালিত হবে না, বরং আরও দূরের স্থাপনাও হামলার লক্ষ্য হতে পারে। তিনি বিশেষভাবে ইসরায়েলের হাইফা ও তেল আবিবের মতো শহর এবং দেশটির দিমোনা পারমাণবিক স্থাপনায় হামলার সম্ভাবনার কথা উল্লেখ করেন।

## ডেঙ্গুর প্রকোপ বাড়ছেই তিনজনের মৃত্যু

**কীর্তনখোলা ডেস্ক**

দেশে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় আরও তিনজনের মৃত্যু হয়েছে। একই সময়ে ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন এক হাজার ২৯৯ জন। এ নিয়ে চলতি বছরে সারাদেশে হাসপাতালে ভর্তি ডেঙ্গুরোগীর সংখ্যা দাঁড়িয়েছে এক লাখ ১৯ হাজার ৮০১ জনে। শুক্রবার (২৩ অক্টোবর) স্বাস্থ্য অধিদপ্তরের ডেঙ্গুবিষয়ক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে মারা যাওয়া তিনজনের মধ্যে দুজন চট্টগ্রাম সিটির এবং এক ময়মনসিংহ সিটির বাসিন্দা।এদিকে, গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হওয়া রোগীদের মধ্যে বরিশাল বিভাগের ১৫৯ জন, চট্টগ্রাম বিভাগের ২১৯ জন, ঢাকা বিভাগের (সিটি করপোরেশন ছাড়া) ২৭৪ জন, ঢাকা উত্তর সিটি করপোরেশনের ১১৬ জন, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের ১৩১ জন, খুলনা বিভাগের ১৪৭ জন, ময়মনসিংহ বিভাগের ১০০ জন, রাজশাহী বিভাগের ১১৪ জন, রংপুর বিভাগের ৩৮ জন এবং সিলেট বিভাগে দুইজন রয়েছেন।স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, চলতি বছরের জানুয়ারি থেকে এ পর্যন্ত ডেঙ্গুতে আক্রান্ত হয়ে মারা গেছেন ৩৭১ জন। এ সময়ে হাসপাতাল থেকে ছাড়পত্র পেয়েছেন এক লাখ ১৩ হাজার ৪০৭ জন।

## হামের উপসর্গে আরও

দুজন ঢাকা বিভাগের, তিনজন সিলেট বিভাগের, একজন চট্টগ্রাম বিভাগের এবং একজন ময়মনসিংহ বিভাগের হাসপাতালে চিকিৎসাধীন ছিল। চলতি বছর হামের উপসর্গ নিয়ে সবচেয়ে বেশি ৪৯৮ জনের মৃত্যু হয়েছে ঢাকা বিভাগে। এরপর সিলেট বিভাগে ১৯৭ জন, চট্টগ্রামে ১০৩, রাজশাহীতে ৯৩, ময়মনসিংহে ৮৬, বরিশালে ৬৫, খুলনায় ৫১ এবং রংপুর বিভাগে ১৭ জনের মৃত্যু হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের নিয়মিত পরিসংখ্যানে হামের উপসর্গ নিয়ে হাসপাতালে ভর্তি হওয়া রোগী ও মৃত্যুর বয়সভিত্তিক তথ্য পাওয়া যায় না। ফলে কোন বয়সী মানুষ বা শিশুরা বেশি আক্রান্ত হচ্ছে এবং কোন বয়সীদের মধ্যে মৃত্যুহার বেশি, তা এসব পরিসংখ্যান থেকে নির্দিষ্টভাবে বোঝা যায় না। রোগতত্ত্ববিদেরা বলছেন, হাম যেকোনো বয়সী মানুষের হতে পারে, তবে শিশুরা এ রোগে বেশি আক্রান্ত হয়।

## নালা-খাল ভরাট করে ভবন

বাজারগুলোর ক্রেতা-বিক্রেতাদের। দীর্ঘদিন ধরে জলাবদ্ধতায় ভুগছে বিশ্ববিদ্যালয়ের পুরোনো প্রধান ফটক-সংলগ্ন সড়কও। স্থানীয়দের অভিযোগ, নালা, খাল, ডোবা ও নিচু জমি ভরাট করে অপরিকল্পিতভাবে ভবন নির্মাণের কারণে স্বাভাবিক পানি প্রবাহ বাধাগ্রস্ত হচ্ছে। অধিকাংশ ভবন নির্মাণের সময় পানি নিষ্কাশনের জন্য প্রয়োজনীয় জায়গা রাখা হচ্ছে না। ফলে ভবিষ্যতে পরিকল্পিত ড্রেনেজ ব্যবস্থা গড়ে তোলা কঠিন হয়ে পড়ছে। পরিস্থিতি মোকাবিলায় সমন্বিত উদ্যোগ নেওয়া না হলে আগামী দিনে জলাবদ্ধতা আরও প্রকট হতে পারে বলে আশঙ্কা করছেন বাসিন্দারা। পবিপ্রবি প্রতিষ্ঠার পর গত দুই যুগে দুমকীর জনবসতি ও আবাসন ব্যবস্থায় ব্যাপক পরিবর্তন এসেছে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী, সরকারি জনতা কলেজসহ বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের কর্মী এবং আশপাশের এলাকার মানুষ এখানে জমি কিনে স্থায়ী আবাস গড়ে তুলছেন। তবে দুমকী এখনো পৌরসভার মর্যাদা না পাওয়ায় পরিকল্পিত নগর ব্যবস্থাপনা ও পানি নিষ্কাশন নিয়ে উদ্বেগ বাড়ছে স্থানীয়দের। উপজেলা শহরের বিসমিল্লাহ সড়ক, মুসলিমপাড়া ও একতা সড়কে নতুন নতুন বাড়িঘর নির্মিত হলেও অধিকাংশ এলাকায় নেই পরিকল্পিত ড্রেন। সড়কের তুলনায় উঁচু করে বসতভিটা নির্মাণ করায় বৃষ্টির পানি কোথায় গিয়ে জমবে, তা নিয়েও শঙ্কা দেখা দিয়েছে। স্থানীয়দের আশঙ্কা, এখনই ড্রেন নির্মাণের জন্য প্রয়োজনীয় জায়গা সংরক্ষণ করা না হলে ভবিষ্যতে পানি নিষ্কাশনব্যবস্থা গড়ে তোলা আরও কঠিন হয়ে পড়বে। বিসমিল্লাহ সড়কের বাসিন্দা শওকত হাসান বলেন, তারা যখন বাড়ি নির্মাণ করেছিলেন, তখন এলাকায় অন্য কোনো বাড়িঘর ছিল না। তাদের বাড়ির পানি পাশের জলাশয়ে চলে যেত। কিন্তু সময়ের সঙ্গে সঙ্গে এলাকায় অনেক ভবন নির্মিত হলেও কেউ ড্রেনের ব্যবস্থা রাখেননি। সবাইকে সম্মিলিতভাবে সমাধানের উদ্যোগ নিতে হবে। মুসলিমপাড়ার শাহীন খান বলেন, পরিকল্পিত ড্রেনেজ ব্যবস্থা না থাকায় প্রতি বছর বর্ষা মৌসুমে তাদের এলাকায় পানির দুর্ভোগ পোহাতে হয়। পৌরসভা না থাকায় কোনো সমন্বিত পরিকল্পনা ছাড়াই যে যার মতো ভবন নির্মাণ করছেন। কিন্তু পানি নিষ্কাশনের ব্যবস্থা রাখছেন না। আবাসিক এলাকার পাশাপাশি ড্রেনেজ সংকটে ভুগছে উপজেলার গুরুত্বপূর্ণ বাণিজ্যিক কেন্দ্র পীরতলা ও নতুন বাজার। পীরতলা বাজারে প্রায় ৫০০টি দোকান রয়েছে। প্রতিদিন হাজারো মানুষের যাতায়াত থাকলেও বাজারটিতে নেই পরিকল্পিত ড্রেনেজ ব্যবস্থা। ফলে বৃষ্টির সময় সড়কে কাদা ও ময়লা জমে চলাচলের পরিবেশ নষ্ট হয়। এতে ক্রেতাদের উপস্থিতি কমে যাওয়ার পাশাপাশি ব্যবসায়িক ক্ষতির মুখে পড়ছেন দোকানিরা। বাজারের কাপড় ব্যবসায়ী মামুন খান বলেন, বাজারের রাস্তার অবস্থা ভালো থাকলেও ড্রেন না থাকায় প্রতি বছর বর্ষায় ময়লা জমে রাস্তা কর্দমাক্ত হয়ে পড়ে। তখন ক্রেতারা বাজারে না ঢুকে অন্য জায়গা থেকে কেনাকাটা করেন। ড্রেন থাকলে পানি নেমে যেত এবং রাস্তা চলাচলের উপযোগী থাকত। দুমকীর ড্রেনেজ সংকটের আরেকটি দৃশ্যমান উদাহরণ পাবিপ্রবির পুরোনো প্রধান ফটক-সংলগ্ন সড়ক। বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদের চতুর্থ বর্ষের শিক্ষার্থী রাকিবুল হাসান বলেন, ভর্তি হওয়ার পর থেকেই সড়কটির বেহাল অবস্থা দেখছি। সড়কটির একদিকে ভাঙাচোরা অবস্থা, অন্যদিকে নিয়মিত জলাবদ্ধতা। না থাকায় পানি নিষ্কাশন হতে পারে না। আশপাশে ভবন নির্মাণ হলেও পানি সরানোর ব্যবস্থা রাখা হচ্ছে না। দুমকী উপজেলা প্রকৌশলী মঈনুল আজম বলেন, ২০২০ সালে মাস্টারপ্ল্যান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় উপজেলা পরিষদ থেকে পীরতলা খাল পর্যন্ত ড্রেন নির্মাণের জন্য প্রায় তিন কোটি টাকার একটি মাস্টারপ্ল্যান হাতে নেওয়া হয়েছিল। কিন্তু ওই পথে জমির মালিকরা ড্রেন নির্মাণের জন্য জায়গা দিতে রাজি না হওয়ায় প্রকল্পটি বাস্তবায়ন করা সম্ভব হয়নি। ফলে দিন দিন দুর্ভোগ বাড়ার আশঙ্কা রয়েছে। নতুন করে এ ধরনের প্রকল্প নেওয়ার আগে ড্রেন নির্মাণের জন্য জমি দিতে জমির মালিকদের লিখিত সম্মতি নিশ্চিত করা প্রয়োজন। দুমকীর ইউএনও আব্দুল্লাহ খায়রুল ইসলাম চৌধুরী বলেন পানি নিষ্কাশনব্যবস্থা নিশ্চিত করতে স্থানীয়দের সচেতন হওয়া জরুরি। অন্যথায় অদূর ভবিষ্যতে দুমকীর বাসিন্দাদের ব্যাপক দুর্ভোগের মুখে পড়তে হতে পারে। বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনা করে সংশ্লিষ্ট দপ্তরের সঙ্গে যোগাযোগ করা হবে।

## রাঙ্গাবালীর ৭১ প্রাথমিকের

শিক্ষকের অতিরিক্ত দায়িত্ব পালন করছেন। ক্ষোভ প্রকাশ করে রাজিব মিয়া বলেন, "কোনো কারণে একজন শিক্ষক বাইরে বা ছুটিতে থাকলে মাত্র দুজন দিয়ে পাঠদান চালাতে হয়। ফলে কোনো না কোনো একটি শ্রেণিকক্ষের শিক্ষা কার্যক্রম পুরোপুরি বন্ধ রাখতে বাধ্য হই। দাপ্তরিক ঝক্কি সামলে শ্রেণিকক্ষে মনোযোগ দেওয়া আমাদের জন্য অসম্ভব হয়ে পড়েছে।" অনুরূপ সংকটের কথা জানান নয়া ভাংগুনি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মো. লিমন আনসারী। তিনি জানান, উপজেলার বিশাল সংখ্যক বিদ্যালয় সহকারী শিক্ষকদের দিয়ে খুঁড়িয়ে খুঁড়িয়ে চলছে। প্রশাসনিক চাপ ও সরাসরি পাঠদানের ভারসাম্য রক্ষা করতে গিয়ে শিক্ষকেরা চরম হিমশিম খাচ্ছেন, যার খেসারত দিতে হচ্ছে শিক্ষার্থীদের। বিদ্যালয়ের এই বেহাল দশায় চরম অনিশ্চয়তায় দিন কাটছে শিশু শিক্ষার্থীদেরও। চর হালিম সরকারি প্রাথমিক বিদ্যালয়ের এক শিক্ষার্থী আক্ষেপ করে বলে, "আমাদের স্কুলে স্থায়ী কোনো প্রধান শিক্ষক নেই। নিয়মিত ক্লাসও হয় না। আমরা চাই দ্রুত আমাদের স্কুলে একজন প্রধান শিক্ষক দেওয়া হোক, যাতে আমরা ঠিকমতো পড়াশোনা করতে পারি।" একই বিদ্যালয়ের চলতি দায়িত্বপ্রাপ্ত প্রধান শিক্ষক মো. জাকির হোসেন দুলু ও চতলাখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের চলতি দায়িত্বপ্রাপ্ত প্রধান শিক্ষক মো. ওবাইদুল ইসলাম বলেন, "ভারপ্রাপ্ত দিয়ে কায়ক্লেশে প্রতিষ্ঠান টিকিয়ে রাখা সম্ভব হলেও শিক্ষার কাঙ্ক্ষিত গুণগত মান বজায় রাখা দুঃসাধ্য। কোমলমতি শিশুদের ভবিষ্যৎ সুরক্ষায় ও শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আশু হস্তক্ষেপ প্রয়োজন।" বিষয়টি স্বীকার করে পটুয়াখালী জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) মো. মাসুদ করিম জানান, আইনি জটিলতা ও মামলাজনিত কারণে দীর্ঘদিন পদোন্নতি এবং নতুন নিয়োগ স্থগিত ছিল। তবে বর্তমানে সেই আইনি বাধাসমূহ নিরসন হয়েছে। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আশ্বস্ত করে বলেন, "আমরা দ্রুততম সময়ে পদোন্নতির মাধ্যমে এই শূন্য পদগুলো পূরণের উদ্যোগ নিয়েছি। ইতোমধ্যে গ্রেডেশন তালিকাসহ আনুষঙ্গিক সমস্ত প্রস্তুতি চূড়ান্ত করা হয়েছে। তালিকা দ্রুত যাচাই-বাছাই শেষে পদোন্নতির মাধ্যমে সংকট কাটে যাবে বলে আশা করছি।"

## এসএসসির নির্বাচনী পরীক্ষা

শাখায় সরাসরি জমা দিতে হবে। গত ২৪ আগস্ট ২০২৭ সালের এসএসসি ও সমমান পরীক্ষার সময়সূচি প্রকাশ করেছে আন্তশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি। প্রকাশিত সূচি অনুযায়ী, ২০২৭ সালের ১৪ মার্চ এসএসসি ও সমমান পরীক্ষা শুরু হবে। লিখিত পরীক্ষা শেষ হবে ১৫ এপ্রিল। ২২ এপ্রিলের মধ্যে ব্যবহারিক পরীক্ষা শেষ করতে হবে।

## সৌদি আরবে সড়ক

যায়, গত ১০ অক্টোবর হাইল শহরে সড়ক দুর্ঘটনায় গুরুতর আহত হন আনোয়ার হোসেন। দ্রুত তাকে স্থানীয় কিং খালিদ হাসপাতালে ভর্তি করা হলেও ছয় দিন মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ে শুক্রবার সকালে তিনি মারা যান। একমাত্র উপার্জনক্ষম ব্যক্তিকে হারিয়ে তার স্ত্রী, এক ছেলে ও এক মেয়ের ভবিষ্যৎ এখন অনিশ্চয়তার মুখে পড়েছে। নিহতের স্ত্রী জেসমিন আক্তার বানী কান্নাজড়িত কণ্ঠে বলেন, 'আমার দুটি ছোট অবুঝ শিশু সন্তান রয়েছে। সন্তানদের বাবাকে শেষবারের মতো দেখার সুযোগ করে দিতে আমি আমার স্বামীর মরদেহ দেশে ফিরিয়ে আনতে চাই। এ জন্য বাংলাদেশ ও সৌদি আরব সরকারের আকুল আবেদন জানাচ্ছি।' রাজাপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (তদন্ত) মো. মোস্তফা কামাল জানান, সামাজিক যোগাযোগমাধ্যমে খবরটি দেখে নিহতের বাড়িতে যোগাযোগ করে খোঁজখবর নেওয়া হয়েছে। পরিবারের সঙ্গে কথা বলে মরদেহ ফিরিয়ে আনার বিষয়ে প্রয়োজনীয় দাপ্তরিক সহায়তা ও আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।

## কিশোরগ্যাং নির্মূলে চিফ হুইপের কঠোর

১৮ বছরের কম সাতজন, ২৫ বছরের মধ্যে ১২ জন এবং ২৫ বছরের বেশি আরও দুইজনকে আটক করা হয়। পুলিশ সূত্রে জানা যায়, চাঁদাবাজি, মাদক ও কিশোরগ্যাং নির্মূলে পাথরঘাটা উপজেলায় বিভিন্ন সময়েই অভিযান পরিচালনা করা হয়। এ ছাড়া গত ১৬ অক্টোবর পাথরঘাটা উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে উন্নয়ন ও আইন-শৃঙ্খলাবিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। ওই সভার প্রধান অতিথির বক্তব্যে পাথরঘাটা থেকে চাঁদাবাজ, মাদক ও কিশোরগ্যাং নির্মূল করতে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে (ওসি) কঠোর নির্দেশনা দেন মো. নুরুল ইসলাম মণি। পরবর্তীতে বৃহস্পতিবার সন্ধ্যা থেকে রাত সাড়ে ১০টা পর্যন্ত পাথরঘাটা পৌরসভার নীলিমা পয়েন্টসহ বিভিন্ন এলাকায় মাদক ও কিশোরগ্যাং নির্মূলের উদ্দেশে একটি বিশেষ অভিযান পরিচালানা করে পুলিশ। এ সময় বিভিন্ন বয়সী সন্দেহভাজন ২১ জনকে আটকসহ তৎক্ষনাৎ কাগজপত্র দেখাতে না পারায় ৯টি মোটরসাইকেল জব্দ করে থানা হেফাজতে নেয় পুলিশ। এ বিষয়ে পাথরঘাটা থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আব্দুল আলীম বলেন, চিফ হুইপ মহোদয় কিছুদিন আগে পাথরঘাটায় এসেছিলেন। তিনি চাঁদাবাজ, মাদক এবং কিশোরগ্যাংমুক্ত এই পাথরঘাটা দেখতে চেয়েছেন এবং আমার প্রতি একটি নির্দেশনাও দিয়েছেন। এ ছাড়া পুলিশ সুপার মহোদয়েরও ঘোষণা রয়েছে মাদক, চাঁদাবাজ এবং কিশোরগ্যাং নিয়ন্ত্রণে আগামী দুই মাসের মধ্যে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা হবে। এরই ধারাবাহিকতায় একটি বিশেষ অভিযান পরিচালনা করে ২১ জনকে থানা হেফাজতে নেওয়া হয়েছে। যাচাই-বাছাই শেষে তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে। পাশাপাশি মাদক, চাঁদাবাজ এবং কিশোরগ্যাং নির্মূল করতে অভিযান অব্যাহত থাকবে।

## ভারপ্রাপ্ত অধ্যক্ষের যোগসাজশে মাদ্রাসার

ভারপ্রাপ্ত অধ্যক্ষ নিয়মকানুনের তোয়াক্কা না করে ক্ষমতার অপব্যবহার করেছেন। এর আগেও এই ভারপ্রাপ্ত অধ্যক্ষ ওই যুবদল নেতা নাজমুল হুদা চমনের সাথে আঁতাত করে তামান্না নামে এক গৃহবধূরকে আয়া পদে নিয়োগ দিয়ে অর্থ হাতিয়ে নিয়েছেন? এবারও তার প্রচ্ছন্ন মদদ বা গোপন সমঝোতার মাধ্যমেই প্রতিষ্ঠানের এই গাছ কাটার সুযোগ দেওয়া হয়। জানা গেছে, ওই ইউনিয়ন যুবদল নেতা নাজমুল হুদা চমন তালুকদার উপজেলা বিএনপির সভাপতি তালুকদার আবুল কালাম আজাদ এর ভাতিজা হওয়ায় ক্ষমতার প্রভাব খাটিয়ে দিনে-দুপুরে ওই গাছগুলো কেটে নিজের হেফাজতে নিয়ে যান। এই ঘটনাটি প্রকাশ্যে আসার পর স্থানীয় এলাকাবাসী, মাদ্রাসার সাধারণ শিক্ষক-শিক্ষার্থী এবং সচেতন নাগরিকদের মধ্যে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়েছে। তারা সরকারি সম্পদ ও শিক্ষাপ্রতিষ্ঠানের ঐতিহ্যবাহী গাছ এভাবে আত্মসাতের তীব্র নিন্দা জানিয়েছেন এবং জড়িতদের বিরুদ্ধে দ্রুত আইনি ব্যবস্থা নেওয়ার জন্য প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেছেন। এবিষয়ে যুবদল নেতা চমন বলেন, গাছ কাটবে কি কাটবে না সেটা এটা মাদ্রাসার বিষয় আমার জানার কথা নয়। এ বিষয়ে মাদ্রাসা ভারপ্রাপ্ত অধ্যক্ষ মাওলানা মোবাশ্বের হোসাইন বলেন, মাদ্রাসার নতুন ভবনের কাজ শুরু হয়েছে। লেওর এর মধ্যে একটি গাছ পড়ায় তার কর্তন করা হয়েছে।যার আনুমানিক মূল্য ৫ থেকে ৬ হাজার টাকা হতে পারে। আমাদের কমিটি না থাকায় তা রেজুলেশন করতে পারিনি। এটা মাদ্রাসার উন্নয়নের কাজে লাগানো হবে।

## ভাণ্ডারিয়ায় ছয় বছরের শিশুকে

কিছু প্রয়োজনীয় জিনিসপত্র আনতে বাড়িতে যান। এই সুযোগে অভিযুক্ত করিম সিকদার শিশুটির মুখ চেপে ধরে পাশে থাকা একটি ধৈঞ্চা বনে নিয়ে তাকে ধর্ষণ করে। বাবা বাড়ি থেকে ফিরে এসে শিশুটিকে না দেখতে পেয়ে সেখানে খোঁজাখুঁজি শুরু করেন। খোঁজাখুঁজির একপর্যায়ে ধৈঞ্চা বন থেকে অসুস্থ অবস্থায় শিশুটিকে উদ্ধার করা হয়। এ সময় শিশুটির শরীরে কামড়ের দাগ দেখতে পায় সে। পরে তাৎক্ষণিকভাবে শিশুটিকে চিকিৎসার জন্য ভাণ্ডারিয়া উপজেলা হাসপাতালে নিয়ে আসলে তার শারীরিক অবস্থা বিবেচনা করে প্রাথমিক চিকিৎসা শেষে উন্নত চিকিৎসার জন্য পিরোজপুর জেলা হাসপাতালে পাঠানো হয়। এ বিষয়ে ভাণ্ডারিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) দেওয়ান জগলুল হাসান জানান, এ ঘটনায় ভুক্তভোগীর বাবা বাদি হয়ে থানায় একটি ধর্ষণ মামলা দায়ের করেছে। অভিযুক্ত করিম সিকদারকে গ্রেপ্তারের চেষ্টা চলছে এবং আইনগত প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহনের প্রস্তুতি চলছে।

## পুকুরে ডুবে প্রাণ গেলো

উদ্ধার করেন। এ ঘটনায় বোরহানউদ্দিন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আশ্রাব আলীর কাছে জানতে চাইলে তিনি বলেন, পানিতে পড়ে দুই শিশুর মৃত্যু হয়েছে। এ বিষয়ে আইনি প্রক্রিয়া চলমান রয়েছে।

## দুই যুগের অবহেলিত পুকুর পরিষ্কারে

ময়লা-আবর্জনা জমে এর স্বাভাবিক সৌন্দর্য নষ্ট হয়েছে। উপজেলা পরিষদের মতো গুরুত্বপূর্ণ সরকারি প্রতিষ্ঠানের চত্বরে থাকা জলাশয়টির এমন অবস্থা থেকে উত্তরণে পরিচ্ছন্নতা অভিযান শুরু হওয়ায় উদ্যোগটিকে ইতিবাচক হিসেবে দেখছেন সংশ্লিষ্টরা। তাঁদের মতে, সরকারি স্থাপনার সৌন্দর্য ও পরিবেশ রক্ষায় এ ধরনের উদ্যোগের পাশাপাশি নিয়মিত পরিচর্যা নিশ্চিত করাও জরুরি। বরিশাল জেলা প্রশাসক মো. মামুন খন্দকার জানান, জেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের আঙিনাসহ বিভিন্ন স্থানে মাসব্যাপী পরিচ্ছন্নতা অভিযান কার্যক্রম চলমান রয়েছে। এ কর্মসূচির অংশ হিসেবে বরিশাল সদর উপজেলা পরিষদের দীর্ঘদিনের অপরিচ্ছন্ন পুকুরটি পরিষ্কারের উদ্যোগ নেওয়ায় তিনি উপজেলা নির্বাহী কর্মকর্তা ফরিদা সুলতানাকে ধন্যবাদ জানান। তিনি বলেন, পরিচ্ছন্নতা কার্যক্রমের উদ্দেশ্য শুধু ময়লা-আবর্জনা অপসারণ নয়, বরং মানুষের মধ্যে পরিচ্ছন্নতার অভ্যাস ও পরিবেশ রক্ষার সচেতনতা তৈরি করা। এ ধরনের উদ্যোগ সরকারি প্রতিষ্ঠানের আঙিনা থেকে শুরু করে শিক্ষাপ্রতিষ্ঠান ও জনসমাগমস্থলসহ সর্বত্র পরিচ্ছন্ন পরিবেশ গড়ে তুলতে ইতিবাচক ভূমিকা রাখবে। উপজেলা নির্বাহী কর্মকর্তা ফরিদা সুলতানা জানান, দীর্ঘদিন ধরে অপরিচ্ছন্ন অবস্থায় পড়ে থাকা পুকুরটি পরিষ্কারের মাধ্যমে এর উন্নয়নের কাজ শুরু হয়েছে। পরিচ্ছন্নতা অভিযান শেষে পুকুরটির সৌন্দর্যবর্ধনে পরিকল্পিত উদ্যোগ নেওয়া হবে। এ জন্য প্রয়োজনীয় পরিকল্পনা প্রণয়ন করে পুকুরটিকে দৃষ্টিনন্দন করে তুলতে বিভিন্ন প্রকল্প গ্রহণের উদ্যোগ রয়েছে। তিনি বলেন, উপজেলা পরিষদ চত্বরকে পরিচ্ছন্ন, সুন্দর ও পরিবেশবান্ধব করে গড়ে তোলাই এ উদ্যোগের অন্যতম লক্ষ্য। পুকুরটির স্বাভাবিক সৌন্দর্য ফিরিয়ে আনার পাশাপাশি এর আশপাশের পরিবেশ উন্নয়ন এবং ভবিষ্যতে পরিচ্ছন্নতা বজায় রাখার বিষয়েও গুরুত্ব দেওয়া হবে। দীর্ঘদিন ধরে অবহেলিত একটি জলাশয় পরিচ্ছন্ন করার উদ্যোগ নেওয়ায় উপজেলা নির্বাহী কর্মকর্তা ফরিদা সুলতানার এ কার্যক্রমকে ইতিবাচক হিসেবে দেখছেন বিভিন্ন মহলের ব্যক্তিরা। তাঁদের মতে, সরকারি প্রতিষ্ঠানের নিজস্ব পরিবেশ পরিচ্ছন্ন ও দৃষ্টিনন্দন করে তোলার পাশাপাশি জলাশয় সংরক্ষণে এমন উদ্যোগ প্রশংসনীয়। শুধু পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা নয়, পরবর্তী সময়ে পুকুরটির সৌন্দর্যবর্ধন ও নিয়মিত রক্ষণাবেক্ষণ নিশ্চিত করা গেলে উদ্যোগটি আরও কার্যকর হবে। সংশ্লিষ্টদের প্রত্যাশা, পরিচ্ছন্নতা অভিযান ও পরিকল্পিত সৌন্দর্যবর্ধনের মাধ্যমে বরিশাল সদর উপজেলা পরিষদের পুকুরটি আবারও তার স্বাভাবিক সৌন্দর্য ফিরে পাবে। একই সঙ্গে এ উদ্যোগ স্থানীয় পর্যায়ে পরিবেশ সংরক্ষণ ও পরিচ্ছন্নতা বিষয়ে জনসচেতনতা বৃদ্ধিতেও ভূমিকা রাখবে।

## পায়রা, বিষখালী নদী ও বলেশ্বর নদের

বসতবাড়ি। বরগুনার পায়রা ও বিষখালী নদী এবং বলেশ্বর নদের ভাঙনে জেলার সাড়ে ৭২ কিলোমিটার বেড়িবাঁধ ঝুঁকির মুখে পড়েছে। এতে বাঁধের আশপাশে থাকা ৩০ হাজার পরিবারের লাখো মানুষ ভিটেমাটি হারানোর আতঙ্কে আছেন। পানি উন্নয়ন বোর্ডের (পাউবো) বরগুনা কার্যালয় সূত্রে জানা যায়, জেলায় প্রায় ৮০৫ কিলোমিটার বেড়িবাঁধ রয়েছে। এর মধ্যে নদ-নদীর অব্যাহত ভাঙন ও উচ্চ জোয়ারের বর্তমানে ৭২ দশমিক ৫০৩ কিলোমিটার বেড়িবাঁধ হুমকির মুখে রয়েছে। এর মধ্যে বরগুনা সদর উপজেলার ২৬ দশমিক ৯৪৯ কিলোমিটার, পাথরঘাটার ১৮ দশমিক ৫৫৯ কিলোমিটার, বেতাগীর ১১ দশমিক ১৬৬ কিলোমিটার, আমতলীর ৫ কিলোমিটার, তালতলীর ৩ দশমিক ৫০০ কিলোমিটার ও বামনা উপজেলার ৭ দশমিক ৩২৯ কিলোমিটার বেড়িবাঁধ ভাঙনের ঝুঁকিতে। গত ২৫ সেপ্টেম্বর বামনা উপজেলার দক্ষিণ রামনা এলাকায় গিয়ে দেখা যায়, বেড়িবাঁধের একটি অংশ বিষখালী নদীর গর্ভে চলে গেছে। ১০ অক্টোবর বেতাগী উপজেলার কালিকাবাড়ি এলাকায় গিয়ে দেখা যায়, বিষখালী নদীর অব্যাহত ভাঙনের মুখে রয়েছে ৮৮ বছরের পুরোনো কালিকাবাড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয়। বিদ্যালয়টি রক্ষার জন্য ভাঙনস্থলে জিও ব্যাগ ফেলা হয়েছে। ২০ অক্টোবর পাথরঘাটা উপজেলার কালমেঘা এলাকায় গিয়ে দেখা যায়, বন্যা নিয়ন্ত্রণ বেড়িবাঁধের প্রায় ১০০ মিটার অংশ ভেঙে বিষখালী নদীতে চলে গেছে। স্থানীয় লোকজনের সঙ্গে কথা বলে জানা যায়, এখন নদ-নদীর পানি কমতে শুরু করেছে। এমন অবস্থায় স্রোতের তোড়ে বেড়িবাঁধ ভাঙন অব্যাহত আছে। ২০০৭ সালে প্রলয়ংকরী ঘূর্ণিঝড় সিডরের আঘাতে পাথরঘাটার বলেশ্বর নদের তীরবর্তী বেড়িবাঁধ ভেঙে যায়। প্রায় দুই দশকেও সেখানে টেকসই বাঁধ নির্মাণ হয়নি। এ বিষয়ে কথা হয় স্থানীয় বাসিন্দা আলমগীর হোসেনের সঙ্গে। তিনি বলেন, নদীভাঙনে তাঁরা প্রায় নিঃস্ব হয়ে পড়েছেন। তাঁদের জীবন-জীবিকা রক্ষার জন্য মজবুত বাঁধ দরকার। পাথরঘাটা উপজেলার কালমেঘা গ্রামের বাসিন্দা মো. রাজু মিয়া। বিষখালী নদীর অব্যাহত ভাঙনে তাঁর ঘরবাড়ি ও ১৬ একর জমিজমা বিলীন হয়েছে। রাজু মিয়া বলেন, 'বর্তমানে অবশিষ্ট ৪০ শতক জমিতে বাড়ি করে আছি। সেটাও কখন বিষখালী নদী গিলে খাবে বলা যায় না।' পাউবো সূত্রে জানা যায়, ক্ষতিগ্রস্ত বেড়িবাঁধের প্রতি কিলোমিটারে টেকসই ব্লকবাঁধ নির্মাণের জন্য ৯০ কোটি টাকা প্রয়োজন। সেই হিসাবে ৭২ কিলোমিটার ব্লকবাঁধ নির্মাণে প্রায় সাড়ে ৬ হাজার কোটি টাকা এবং জরুরি রক্ষণাবেক্ষণের জন্য আরও ১০০ কোটি টাকা প্রয়োজন। পাউবোর বরগুনা কার্যালয়ের নির্বাহী প্রকৌশলী মো. আবদুল হান্নান প্রধান বলেন, ভাঙনকবলিত স্থানে স্থায়ী প্রতিরক্ষামূলক কাজ করতে সম্ভাব্যতা যাচাই করা হয়েছে। জিও ব্যাগ ও সিসি ব্লক ফেলে ঝুঁকিপূর্ণ এলাকার তীর সুরক্ষার কাজ করার জন্য ঢাকায় প্রস্তাব পাঠানো হবে।

# এবারের শারদীয় দুর্গোৎসব: সাম্প্রদায়িক সম্প্রীতি ও জাতীয় ঐক্যের বারতা দিয়ে গেলো জাতিকে

### এস এম সাব্বির নেওয়াজ সাগর

মহা সমারোহে উৎসবমুখর পরিবেশে উদযাপিত হলো সনাতনী সম্প্রদায়ের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব শারদীয় দুর্গোৎসব- ২০২৬। এই উৎসব অনুষ্ঠানকে আধিপত্যবাদী ও উগ্র হিন্দুত্ববাদী অপশক্তির ইশারায় কালিমা লিপ্ত করতে, নানান সব অঘটন ঘটিয়ে উৎসবের আমেজকে নস্যাৎ করে সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্টের অপচেষ্টা চালিয়ে স্বীয় হীন স্বার্থ চরিতার্থ করার গোপন তৎপরতার খবর ছিল সরকারের গোয়েন্দা এজেন্সির কাছে। ফলে সরকার এবং সরকার পরিচালনায় নিয়োজিত রাজনৈতিক দল আগে ভাগেই সতর্ক অবস্থানে চলে যায় এবং উৎসব উদযাপনে যাতে কোন ধরনের বিপত্তি না ঘটে, সেজন্যে আগে থেকেই নিরাপত্তা নিশ্চিত করতে নানামুখী পদক্ষেপ গ্রহন করে। আইনশৃঙ্খলা বাহিনীর কর্তাব্যক্তিরা এবং সরকার দলীয় নেতৃবৃন্দ উৎসবের আগে থেকেই বিভিন্ন পূজামন্ডপ পরিদর্শনে যান এবং আয়োজক কমিটির নেতৃস্থানীয়দের সাথে আলাপ আলোচনা করে সার্বিক পরিস্থিতি পর্যবেক্ষণে রাখেন। উৎসব চলাকালীন সরকার দলীয় জনপ্রতিনিধি, জন প্রশাসন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী সহ বিভিন্ন রাজনৈতিক দল ও সামাজিক-সাংস্কৃতিক সঙ্গঠনের নেতৃবৃন্দ বিভিন্ন পূজামন্ডপ পরিদর্শনে যান এবং সার্বিক খোঁজখবর নিয়ে শারদীয় দুর্গোৎসবের শুভেচ্ছা বিনিময় করেন। সনাতনী সম্প্রদায়ের সদস্যরাও সরকার, প্রশাসন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দের এই দায়িত্বশীলতা, সম্প্রীতি ও সৌজন্যতায় যথেষ্ট সন্তোষ প্রকাশ করেন। তদুপরি দেশ ও সাম্প্রদায়িক সম্প্রীতি বিরোধী আধিপত্যবাদী অপশক্তি ও চিহ্নিত উগ্র হিন্দুত্ববাদী ইসকনী জঙ্গী গোষ্ঠী এই উৎসবকে ঘিরে নানান ধরনের অপপ্রচারে লিপ্ত থাকে। যদিও এই অপশক্তি সমূহের অপপ্রচার উৎসবে মাতোয়ারা সাধারণ সনাতনীদের উৎসবের আমেজে কোন ধরনের প্রভাব বিস্তার করতে পারেনি। উৎসবে ঢাকের ডামাডোলে ঢাকা পড়ে যায় এসকল অপশক্তি সমূহের অপপ্রচার। এরই মাঝে চৈতালি-গোবিন্দ প্রামাণিকদের হাসিনার মত নিকৃষ্ট খুনি-লুটেরা-গণহত্যাকারীর জন্য সামাজিক মাধ্যমে মা দুর্গা র কাছে মায়া কান্না ও তাকে মা দুর্গা র মত দশটি হাত ভরে শক্তি সঞ্চয় করে ফিরিয়ে আনার আকুতি উৎসবের পরিবেশ ও পবিত্রতা কিছুটা হলেও কলুষিত করেছে। এরা সর্বদাই যে কোন পরিস্থিতিতে সনাতনী সমাজকে সংখ্যালঘু পরিচয়ে সদ্য পতিত আওয়ামী ফ্যাসিস্টদের নিজস্ব সম্পদ হিসেবে নিকৃষ্ট আওয়ামী ট্যাগ লাগিয়ে রাখতে চায়, যা সমগ্র দেশবাসীর কাছে সাধারণ সনাতনীদের ভাবমূর্তির ক্ষেত্রে একটা বিভ্রান্তি ও সঙ্কট তৈরি করে। অথচ ধর্ম-বর্ণ, দল-মত নির্বিশেষে আমরা সবাই বাংলাদেশী। নাগরিক হিসেবে সকলেরই সমান অধিকার। এখানে সংখ্যালঘু ও সংখ্যাগুরু পরিচয়ে জাতীয় ঐক্য বিনষ্ট করে জাতিকে বিভক্ত রাখার যে অপকৌশল প্রয়োগ করা হয়, তা দেশ ও জাতির জন্য যেমন ক্ষতিকর, একাধারে অত্যন্ত নিন্দনীয় ও গর্হিত অপরাধ। দেশ ও জাতির বৃহত্তর স্বার্থে এবং দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব সমুন্নত রাখতে, ইস্পাত কঠিন জাতীয় ঐক্য বিনির্মাণে ধর্ম-বর্ণ ও দল-মত নির্বিশেষে এ বিষয়ে সচেতন থাকা এবং দেশ বিরোধী যেকোনো চক্রান্তের বিরুদ্ধে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রেখে সকলকে ঐক্যবদ্ধ ভাবে সোচ্চার থাকা দেশপ্রেমিক সকল নাগরিকের পবিত্র ও নৈতিক দায়িত্ব। এবারের শারদীয় দুর্গোৎসব যেন সেই বারতাই দিয়ে গেল দেশ ও জাতিকে।

**লেখক: সাংস্কৃতিক সংগঠক**

## সবজির বাজারে নাভিশ্বাস

গেছে। এছাড়া শীতের আগাম শিম ১২০ থেকে ১৬০ টাকা এবং দেশি শসা বিক্রি হচ্ছে ১২০ টাকায়। অন্যান্য সাধারণ সবজির মধ্যে উচ্ছে, করলা, কাঁকরোল, ঢেঁড়স, ঝিঙে, বরবটি, কচুর লতি ও কচুরমুখী বিক্রি হচ্ছে প্রতি কেজি ৮০ টাকায়। এছাড়া চিচিঙ্গা ও ধুন্দুল ৭০ থেকে ৮০ টাকা, মূলা ৬০ টাকা, হাইব্রিড পটল ও হাইব্রিড শসা ৬০ টাকা, মিষ্টি কুমড়া ৫০ টাকা এবং পেঁপে ৩০ থেকে ৪০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। কাঁচা মরিচ ১২০ থেকে ১৪০ টাকা এবং ধনেপাতা ২০০ টাকা কেজি দরে বিক্রি হতে দেখা গেছে। পিস হিসাবে আকার ও মানভেদে প্রতিটি লাউ ৫০ থেকে ৭০ টাকা এবং চালকুমড়া, ফুলকপি ও বাঁধাকপি ৬০ টাকায় বিক্রি হচ্ছে। এছাড়া প্রতি হালি কাঁচা কলা ও লেবুর দাম হাঁকা হচ্ছে ৫০ টাকা। এদিকে পাইকারি ও খুচরা বাজারের মধ্যে দামের বড় ফারাক দেখা গেছে। পাইকারি বাজারে যে লাউ ১২ থেকে ১৫ টাকায় বিক্রি হয়, খুচরা বাজারে সেই একই লাউ কিনতে ক্রেতাকে গুনতে হচ্ছে ৪০ থেকে ৫০ টাকা। একইভাবে পাইকারিতে ২৫ টাকার ঢেঁড়স খুচরায় ৬০ থেকে ৭০ টাকা এবং ৩২ টাকার ফুলকপি ৫৫ থেকে ৬০ টাকায় বিক্রি হচ্ছে। মূলত পাইকারি থেকে খুচরা বাজারে পৌঁছাতে এক হাত বদলেই কেজিপ্রতি সবজির দাম বাড়ছে ২০ থেকে ৩০ টাকা, কোনো কোনো ক্ষেত্রে তারচেয়েও বেশি।

## মাদ্রাসার দোকান দখলের অভিযোগ

মৎস্যজীবী দলের সাবেক সভাপতি মো. মোশাররফ হোসেন হাওলাদার। স্থানীয় সূত্রে জানা গেছে, ২০১০ সালে আমতলী উপজেলার মোহাম্মদপুর মাহমুদিয়া দাখিল মাদ্রাসা কর্তৃপক্ষ নিজেদের জমিতে মানিকঝুড়ি স্ট্যান্ডে সাতটি দোকান নির্মাণ করে। এর পর থেকে দোকানগুলো ভাড়া দিয়ে আসছে মাদ্রাসা কর্তৃপক্ষ। গত ১ আগস্ট মাদ্রাসা ভবনের সামনে অবস্থিত একটি দোকান ব্যবসায়ী সফিকুল ইসলাম রিপন তালুকদারকে ভাড়া দেওয়া হয়। সেখানে তিনি পশু ও মাছের খাদ্য বিক্রি করে আসছিলেন। অভিযোগ রয়েছে, গত বুধবার রাতে জসিম উদ্দিন হাওলাদারের নির্দেশে শাহজাহান সরদার ও মোশাররফ হোসেন হাওলাদার ওই দোকানে তালা লাগিয়ে দেন। এতে দোকানের ভেতরে থাকা প্রায় পাঁচ লাখ টাকার পশু ও মাছের খাদ্য আটকা পড়ে। বন্ধ হয়ে যায় ব্যবসায়ীর স্বাভাবিক কার্যক্রম। ঘটনার খবর পেয়ে বরগুনা জেলা বিএনপির সদস্যসচিব মো. হুমায়ুন হাসান শাহীন দোকানের তালা খুলে দেওয়ার নির্দেশ দেন বলে জানা গেছে। তবে এরপরও তালা খোলা হয়নি বলে অভিযোগ করেছেন সংশ্লিষ্টরা। ব্যবসায়ী সফিকুল ইসলাম রিপন তালুকদার জানান, মাদ্রাসা কর্তৃপক্ষের কাছ থেকে ভাড়া নিয়ে তিনি দোকানটিতে পশু ও মাছের খাদ্য বিক্রি করে আসছেন। বুধবার রাতে শাহজাহান সরদার ও মোশাররফ হাওলাদার তাঁর ব্যবসাপ্রতিষ্ঠানে তালা লাগিয়ে দেন। এতে তাঁর ব্যবসায়িক কার্যক্রম বন্ধ হয়ে গেছে। তিনি দ্রুত দোকানটি খুলে দেওয়ার দাবি জানান। অভিযোগের বিষয়ে উপজেলা শ্রমিক দলের সহসভাপতি শাহজাহান সরদার দোকানে তালা দেওয়ার কথা স্বীকার করেন। তিনি বলেন, মাদ্রাসা কর্তৃপক্ষ তাঁকে ঘরটি ভাড়া দিয়েছে। তাই তিনি নিজের ঘরে তালা দিয়েছেন। তবে ভাড়ার চুক্তিপত্র দেখতে চাইলে তিনি তা দেখাতে পারেননি। শাহজাহান সরদার আরও বলেন, উপজেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক জসিম হাওলাদারের নির্দেশে তিনি দোকানে তালা দিয়েছেন। এ বিষয়ে জানতে উপজেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক জসিম উদ্দিন হাওলাদারের মোবাইল ফোনে যোগাযোগ করা হলে সাংবাদিক পরিচয় পাওয়ার পর তিনি সংযোগ বিচ্ছিন্ন করে দেন। ফলে তাঁর বক্তব্য নেওয়া সম্ভব হয়নি। মাদ্রাসার সুপার মাওলানা আবু তাহের বলেন, মাদ্রাসার দোকান দখলের উদ্দেশ্যে শাহজাহান সরদার ও তাঁর সহযোগীরা জোরপূর্বক তালা লাগিয়ে দিয়েছেন। এ ঘটনায় তিনি আমতলী থানায় লিখিত অভিযোগ দিয়েছেন। তিনি আরও অভিযোগ করেন, দোকানে তালা দেওয়ার সঙ্গে জড়িত ব্যক্তিরা তাঁকে প্রাণনাশের হুমকিও দিচ্ছেন। বরগুনা জেলা বিএনপির সদস্যসচিব মো. হুমায়ুন হাসান শাহীন বলেন, বিষয়টি জানার পর দলীয় শৃঙ্খলা রক্ষার স্বার্থে তিনি ব্যবসাপ্রতিষ্ঠানের তালা খুলে দিতে বলেছেন। দলের কেউ অপরাধ করলে তার দায়ভার দল বহন করবে না। দলের ভাবমূর্তি ক্ষুণ্ন হয়, এমন কাজ কাউকে করতে দেওয়া হবে না। আমতলী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. ইয়াকুব হোসাইন বলেন, এ ঘটনায় লিখিত অভিযোগ পাওয়া গেছে। তদন্ত সাপেক্ষে দ্রুত আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

## ২০২৭ সালেও জ্বালানি সংকট

বিভিন্ন দেশের সরকার উদ্যোগ নিলেও আগামী বছরেও এই সংকটের পরিণতি বিশ্বকে মোকাবিলা করতে হবে বলে সতর্কবার্তা দিয়েছেন ফাতিহ বিরোল। শুক্রবার (২৩ অক্টোবর) ইস্তাম্বুলে অনুষ্ঠিত 'ইনভেস্টমেন্ট সামিট টুওয়ার্ডস কপ-৩১' সম্মেলনে ভার্চুয়ালি যুক্ত হয়ে বিরোল বলেন, বিশ্বজুড়ে চলমান পরিস্থিতি এবং বিভিন্ন দেশের জ্বালানিনীতি পর্যালোচনা করে আগামী বছর পরিস্থিতি স্বাভাবিক হওয়ার আশা করার মতো তেমন কোনো পরিস্থিতি সৃষ্টি হওয়ার সম্ভাবনা নেই।ফাতিহ বিরোল বলেন, ২০২৭ সালে পরিস্থিতি স্বাভাবিক হবে বলে আমি আশাবাদী নই। আশাবাদী দৃষ্টিভঙ্গি নিয়ে পরিস্থিতি বিবেচনা করার চেষ্টা করলেও এমন কোনো যুক্তি খুঁজে পাই না, যা আমাকে আশ্বস্ত করতে পারে।তিনি বলেন, এই সংকট ২০২৭ সালেও কোনো না কোনোভাবে চলতে থাকবে। নতুন করে কোনো ক্ষত তৈরি না হলে বিশ্ব তখনো বর্তমান সংকটের ক্ষত সারিয়ে তোলার চেষ্টা করবে।আইইএ প্রধান বলেন, হরমুজ প্রণালিকে ঘিরে সংকট অর্থনীতি, কৃষি ও জ্বালানি খাতকে প্রভাবিত করছে। এর ফলে বিভিন্ন দেশের সরকার, কোম্পানি এবং বিনিয়োগকারীরা তাদের স্বল্পমেয়াদি ও দীর্ঘমেয়াদি কৌশল নতুন করে পর্যালোচনা করতে বাধ্য হচ্ছেন।আনাদোলু এজেন্সির তথ্য মতে, ১৯৭৩ ও ১৯৭৯ সালের তেলসংকটের সঙ্গে বর্তমান পরিস্থিতির তুলনা করেন বিরোল। তার মতে, ওই দুটি সংকট পারমাণবিক জ্বালানির উন্নয়ন এবং যানবাহনের জ্বালানিদক্ষতা বাড়ানোর উদ্যোগকে ত্বরান্বিত করেছিল।বিদ্যুতের ব্যবহার বাড়ানোর উদ্যোগকপ-৩১ সম্মেলনকে তুরস্কের জন্য 'সোনালি সুযোগ' এবং বিশ্বের জন্য একটি বড় সম্ভাবনা হিসেবে বর্ণনা করেন বিরোল। তার মতে, বর্তমান সংকটকে কাজে লাগিয়ে সম্মেলনে বাস্তবভিত্তিক সিদ্ধান্ত গ্রহণের পক্ষে সমর্থন তৈরি করা সম্ভব।বিশ্বে মোট জ্বালানি ব্যবহারে বিদ্যুতের অংশ ২৩ শতাংশ থেকে বাড়িয়ে ২০৩৫ সালের মধ্যে ৩৫ শতাংশে উন্নীত করার একটি প্রস্তাব তুলে ধরেন বিরোল। এ লক্ষ্যে আনতালিয়ায় অনুষ্ঠেয় সম্মেলনে বিভিন্ন দেশকে প্রতিশ্রুতিতে স্বাক্ষর করার আহ্বান জানান তিনি।বিরোল বলেন, বিদ্যুতের ব্যবহার বাড়ালে একদিকে জ্বালানি নিরাপত্তা শক্তিশালী হবে, অন্যদিকে কার্বন নিঃসরণ কমানো সম্ভব হবে। আন্তর্জাতিক অঙ্গনে গভীর মতপার্থক্যের এই সময়ে এটি দেশগুলোর জন্য একটি অভিন্ন লক্ষ্য হয়ে উঠতে পারে।এ ধরনের প্রতিশ্রুতি গৃহীত হলে বিনিয়োগকারী ও পুঁজিবাজারের কাছেও একটি সুস্পষ্ট বার্তা পৌঁছাবে বলে মন্তব্য করেন তিনি।আইইএ প্রধান বলেন, কপ-৩১ সম্মেলনের সাফল্য মূল্যায়নের ক্ষেত্রে দুটি বিষয় গুরুত্বপূর্ণ হবে-কতটি দেশ এতে অংশ নিচ্ছে এবং বিদ্যুতের ব্যবহার বাড়ানোর বিষয়ে দেশগুলো কোনো সমঝোতায় পৌঁছাতে পারছে কি না।

## ইউরোপের ইতিহাসে ভয়ঙ্করতম গ্রীষ্ম

বছর হিসেবে রেকর্ড গড়েছে। গবেষণা সাময়িকী নেচার হেলথ-এ প্রকাশিত পিয়ার-রিভিউড (সহকর্মীদের দ্বারা পর্যালোচিত) দুটি গবেষণা নিবন্ধের তথ্যানুসারে, এই মৃত্যুর প্রায় দুই-তৃতীয়াংশ বা ৩২,৬০০টিরও বেশি সরাসরি জলবায়ু পরিবর্তনের সঙ্গে সম্পর্কিত। লন্ডনের ইম্পেরিয়াল কলেজের চরম আবহাওয়া ও জলবায়ু পরিবর্তন বিষয়ক গবেষক এবং এই প্রতিবেদনের অন্যতম লেখক ক্লেয়ার বার্নস বলেন, দাবদাহজনিত মৃত্যুর সংখ্যার বিচারে ২০২৬ সালের গ্রীষ্ম ইউরোপের অর্ধেকেরও বেশি এলাকার ইতিহাসে সম্ভবত সবচেয়ে ভয়াবহ ছিল। জাতিসংঘের বার্ষিক জলবায়ু সম্মেলনে যোগ দিতে তুরস্কে আন্তর্জাতিক নেতাদের একত্রিত হওয়ার মাত্র কয়েক সপ্তাহ আগে এই ভয়াবহ তথ্য সামনে এলো। এর মাত্র কয়েক দিন আগেই জাতিসংঘের এক প্রতিবেদনে সতর্ক করে বলা হয়েছিল, শিল্পবিপ্লব-পূর্ব সময়ের তুলনায় বৈশ্বিক তাপমাত্রা বৃদ্ধি ১.৫ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে সীমাবদ্ধ রাখার যে সুযোগ বিশ্বের সামনে ছিল, তা এখন পুরোপুরি শেষ হয়ে গেছে। গবেষক ক্লেয়ার বার্নস বলেন, জলবায়ু পরিবর্তনের সবচেয়ে ভয়াবহ পরিণতিগুলো ঠেকানোর পথ থেকে আমরা অনেকটাই ছিটকে গেছি। সরকারগুলোকে বুঝতে হবে যে, দ্রুত পদক্ষেপ ও সমন্বিত উদ্যোগ ছাড়া পরিস্থিতি কেবল আরও খারাপের দিকেই যাবে। বিশ্বের দ্রুততম উষ্ণ হতে থাকা মহাদেশ এখন ইউরোপ এবং চরম আবহাওয়া সম্পর্কিত দুর্যোগগুলোর মধ্যে সবচেয়ে প্রাণঘাতী রূপ নেওয়া এই দাবদাহ সেখানকার মানুষের জন্য ইতোমধ্যেই অসহনীয় হয়ে উঠছে। চলতি বছরের মে মাসের শেষ থেকে আগস্টের শেষ পর্যন্ত নজিরবিহীন উচ্চ তাপমাত্রা পুরো মহাদেশকে যেন ঝলসে দিয়েছে। এটিই ছিল পশ্চিম ইউরোপের ইতিহাসে সবচেয়ে উত্তপ্ত গ্রীষ্মকাল। এ সময় তাপমাত্রা ১৯৯১-২০২০ সালের গড় তাপমাত্রার চেয়ে প্রায় ২.৯ ডিগ্রি সেলসিয়াস (৫.২ ডিগ্রি ফারেনহাইট) বেশি ছিল। তবে কোনো কোনো দিনে অবস্থা ছিল আরও ভয়াবহ; কিছু দেশে তাপমাত্রা স্বাভাবিকের চেয়ে ১২ ডিগ্রি সেলসিয়াস (২১.৬ ডিগ্রি ফারেনহাইট) পর্যন্ত বেশি রেকর্ড করা হয়েছে। চলতি গ্রীষ্মে প্রাণহানির সঠিক হিসাব বের করতে বিজ্ঞানীরা ইউরোপের ৩০টি দেশের ৮৫৪টি শহরের তাপমাত্রার সঙ্গে জলবায়ু পরিবর্তনহীন বিশ্বের সম্ভাব্য তাপমাত্রার একটি তুলনা করেন। এরপর জুনের শুরু থেকে আগস্টের শেষ পর্যন্ত দাবদাহজনিত মৃত্যুর সম্ভাব্য সংখ্যা নির্ণয় করতে বিজ্ঞানীরা উচ্চ তাপমাত্রা ও দৈনিক মৃত্যুর সম্পর্কের ওপর তৈরি পিয়ার-রিভিউড গবেষণার একটি মডেল ব্যবহার করেন। গবেষকরা জানান, এই পদ্ধতিতে প্রাপ্ত মৃত্যুর আনুমানিক সংখ্যা পরবর্তীতে বিভিন্ন দেশের জাতীয় স্বাস্থ্য কর্তৃপক্ষ প্রকাশিত পরিসংখ্যানের প্রায় কাছাকাছি থাকে। এরপর মৃত্যুর যে হিসাব অর্থাৎ ৫০ হাজার ৩৯১ জনের মৃত্যুর হিসাব পাওয়ার পর এই গবেষকরা বলছেন, বিগত ২৬ বছরের মধ্যে এই প্রাণহানি সর্বোচ্চ এবং তা ২০২২ ও ২০০৩ সালে ইউরোপে ঘটে যাওয়া আগের বড় দাবদাহগুলোর চেয়েও অনেক বেশি। এই দাবদাহে দক্ষিণ ও পশ্চিম ইউরোপ সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হলেও যুক্তরাজ্যসহ অপেক্ষাকৃত শীতল উত্তরাঞ্চলীয় দেশগুলোতেও হাজার হাজার মানুষের প্রাণহানি ঘটেছে।

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ শনিবার ॥ ২৪ অক্টোবর ২০২৬ ॥ ০৮ কার্তিক ১৪৩৩

## ইউরোপের ইতিহাসে ভয়ঙ্করতম গ্রীষ্ম ৫০ হাজারের বেশি মানুষের মৃত্যু

**কীর্তনখোলা ডেস্ক**

চলতি বছরের গ্রীষ্মে ইউরোপ জুড়ে বয়ে যাওয়া তীব্র দাবদাহে ৫০ হাজারের বেশি মানুষের মৃত্যু হয়েছে বলে ধারণা করা হচ্ছে। এর মাধ্যমে চলতি বছরটি ইউরোপ মহাদেশের ইতিহাসে দাবদাহজনিত মৃত্যুর দিক থেকে সবচেয়ে মারাত্মক

৩ এর পাতায় দেখুন

## ২০২৭ সালেও জ্বালানি সংকট থাকবে: আইইএ প্রধান

**কীর্তনখোলা ডেস্ক**

২০২৭ সালেও জ্বালানি সংকট অব্যাহত থাকবে বলে আশঙ্কা প্রকাশ করেছেন আন্তর্জাতিক জ্বালানি সংস্থার (আইইএ) নির্বাহী পরিচালক ফাতিহ বিরোল। বিকল্প জ্বালানির উৎস খোঁজা এবং সরবরাহের নিরাপত্তা জোরদারে

৩ এর পাতায় দেখুন

## দুই যুগের অবহেলিত পুকুর পরিষ্কারে নিজেই নামলেন বরিশালের ইউএনও

**কীর্তনখোলা রিপোর্ট**

দীর্ঘ দুই যুগেরও বেশি সময় ধরে অবহেলা আর অপরিচ্ছন্নতায় পড়ে থাকা বরিশাল সদর উপজেলা পরিষদের নতুন ভবনসংলগ্ন পুকুরটির হারানো সৌন্দর্য ফিরিয়ে আনার উদ্যোগ নেওয়া হয়েছে। পুকুরটি পরিষ্কারের পাশাপাশি ভবিষ্যতে দৃষ্টিনন্দন করে গড়ে তোলার পরিকল্পনাও রয়েছে। দীর্ঘদিনের অবহেলিত এই জলাশয় পরিচ্ছন্ন করার উদ্যোগ নেওয়ায় উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ফরিদা সুলতানাকে বিভিন্ন মহল থেকে প্রশংসা করা হচ্ছে। শুক্রবার (২৩ অক্টোবর) সকাল ৯টায় উপজেলা নির্বাহী কর্মকর্তা ফরিদা সুলতানার উদ্যোগে এবং স্বেচ্ছাসেবী সংগঠন বিডি ক্লিনের সহযোগিতায় পুকুরটির পরিচ্ছন্নতা অভিযান শুরু হয়। কর্মসূচির উদ্বোধন করেন বরিশালের জেলা প্রশাসক মো. মামুন খন্দকার। এ সময় ইউএনও ফরিদা সুলতানাসহ সংশ্লিষ্ট ব্যক্তিরা পরিচ্ছন্নতা কার্যক্রমে অংশ নেন। দীর্ঘদিন ধরে অবহেলায় পড়ে থাকায় পুকুরটিতে

৩ এর পাতায়



## সৌদি আরবে সড়ক দুর্ঘটনায় প্রবাসীর মৃত্যু

**ঝালকাঠি প্রতিনিধি**

সৌদি আরবের হাইল শহরে সড়ক দুর্ঘটনায় মারাত্মক আহত হওয়ার ছয় দিন পর চিকিৎসাধীন অবস্থায় মো. আনোয়ার হোসেন (৪৮) নামে এক বাংলাদেশি প্রবাসীর মৃত্যু হয়েছে। শুক্রবার (১৬ অক্টোবর) সকাল ৯টার দিকে হাইলের কিং খালিদ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ নিশ্বাস ত্যাগ করেন। নিহত আনোয়ার হোসেন ঝালকাঠির রাজাপুর উপজেলার পূর্ব ইন্দ্রপাশা গ্রামের মনসুর হোসেনের ছেলে। তিনি পরিবার নিয়ে জীবিকার তাগিদে সৌদি আরবের হাইল শহরে কর্মরত ছিলেন। পারিবারিক সূত্রে জানা

৩ এর পাতায় দেখুন

## এসএসসির নির্বাচনী পরীক্ষা শুরু ২৮ অক্টোবর

**কীর্তনখোলা ডেস্ক**

আগামী বছরের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট ও সমমান পরীক্ষার নির্বাচনী (টেস্ট) পরীক্ষা শুরু হবে ২৮ অক্টোবর। এ পরীক্ষা শেষ করতে হবে ১০ নভেম্বরের মধ্যে। আর ১৫ নভেম্বরের মধ্যে পরীক্ষার ফল প্রকাশ করতে হবে। সম্প্রতি বাংলাদেশ আন্তশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির এক বিজ্ঞপ্তি থেকে এসব তথ্য জানা যায়। বিজ্ঞপ্তির তথ্যমতে, নিয়মিত পরীক্ষার্থীদের ২০২৭ সালের এসএসসি পরীক্ষার সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে টেস্ট পরীক্ষায় অংশ নিতে হবে। শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা এবং ক্যারিয়ার এডুকেশন বিষয়ে সব শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের নম্বর জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) নির্দেশনা অনুযায়ী ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে নির্ধারণ করা হবে। বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, শিক্ষাপ্রতিষ্ঠানগুলো ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত নম্বর সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। কেন্দ্র ব্যবহারিক পরীক্ষার নম্বরের সঙ্গে ধারাবাহিক মূল্যায়নের নম্বর বোর্ডের ওয়েবসাইটে অনলাইনে পাঠাবে। পাশাপাশি ব্যবহারিক ও ধারাবাহিক মূল্যায়নের হাতে লেখা মূল নম্বরপত্র মাধ্যমিক পরীক্ষা

৩ এর পাতায় দেখুন

মুয়াজ্জিন আবশ্যক

বরিশাল আমানতগঞ্জ পাওয়ার হাউজ সংলগ্ন জামে মসজিদের জন্য একজন দাখিল পাশ, ক্বারি, সুকণ্ঠী ও অভিজ্ঞ মুয়াজ্জিম আবশ্যক। আগ্রহী প্রার্থীদের ২৬/১০/২০২৬ ইং তারিখ রোজ সোমবার বিকেল ৪ঘটিকায় আবেদন, জীবনবৃত্তান্ত, এনআইডি ও শিক্ষাগত যোগ্যতার সনদ ও ছবিসহ স্বশরীরে উপস্থিত থাকার অনুরোধ করা হলো।

নিবেদক মসজিদ কমিটি,
পাওয়ার হাউজ সংলগ্ন জামে মসজিদ
আমানতগঞ্জ , বরিশাল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত
ইসলাম ও প্রচলিত শিক্ষার অপূর্ব সমন্বয়
লুৎফুর রহমান আলিম (ক্যাডেট) মাদরাসা
লুৎফুর রহমান সড়ক, নতুল্লাবাদ, বরিশাল।
আবাসিক অনাবাসিক ডে-কেয়ার
দাখিলে A+ প্রাপ্তদের জন্য আকর্ষণীয় সুযোগ-সুবিধা রয়েছে।
২০২৬ শিক্ষাবর্ষে আলিম শ্রেণিতে বালক-বালিকা পৃথক শাখায় ভর্তি চলছে
EIIN: 137732
Code: 20830
যোগাযোগ: ০১৭১২-৯৫১৪২২, ০১৭১১৮৮৭১৪৮, ০১৭১১-৭৩২২৫৭, ০১৭১৫৪৫২১১৪

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি
নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

## সবজির বাজারে নাভিশ্বাস মধ্যস্বত্বভোগীর দাপট

**কীর্তনখোলা ডেস্ক**

পাইকারি বাজার থেকে খুচরা বিক্রেতার হাতে পৌঁছাতেই লাফিয়ে বাড়ছে সবজির দাম। পরিবহন ব্যয় বৃদ্ধি, আড়ত ভাড়া এবং হাতবদলের কারণে পাইকারি ও খুচরা বাজারের মধ্যে কেজিপ্রতি ২০ থেকে ৩০ টাকা, এমনকি কিছু ক্ষেত্রে এই দাম কয়েক গুণ পর্যন্ত বেড়ে যাচ্ছে। নিত্যপ্রয়োজনীয় এই পণ্যের এমন চড়া দামের চাপে নাভিশ্বাস উঠছে সাধারণ ক্রেতাদের। বিভিন্ন কাঁচাবাজার ঘুরে দেখা যায়, প্রতি কেজি পাকা ও কাঁচা টমেটো বিক্রি হচ্ছে ১৪০ টাকায়। মানভেদে দেশি গাজর ১০০ টাকা এবং চায়না গাজর ১৬০ টাকা কেজি দরে মিলছে। বেগুনের ক্ষেত্রে লম্বা বেগুন ৮০ টাকা, সাদা গোল বেগুন ১০০ টাকা এবং কালো গোল বেগুন ১২০ টাকা কেজি দরে বিক্রি হতে দেখা

৩ এর পাতায় দেখুন

## পায়রা, বিষখালী নদী ও বলেশ্বর নদের ভাঙনে আতঙ্কে ৩০ হাজার পরিবার

**বরগুনা প্রতিনিধি**

একসময় সচ্ছল পরিবার ছিল সত্তরোর্ধ্ব মোস্তফা মুসল্লীর। স্ত্রী ও ছয় ছেলেমেয়ে নিয়ে বরগুনার বেতাগী উপজেলার কালিকাবাড়ি এলাকায় নিজের ভিটেমাটিতে বসবাস করতেন। জমিজমা ছিল প্রায় পাঁচ বিঘা। বিষখালী নদীর ভাঙনে দুই বছর আগে তাঁর ভিটেমাটি বিলীন হয়েছে। এরপর ঠাঁই নেন কালিকাবাড়ি লঞ্চঘাটের পাশে খাসজমিতে। সেই বাড়িও ছয় মাস আগে ভাঙনে নদীগর্ভে চলে গেছে। বর্তমানে একই এলাকার অন্য এক ব্যক্তির বাড়িতে অস্থায়ীভাবে আশ্রয় নিয়েছেন। সব জমি হারিয়ে এখন কী করবেন, সেই চিন্তায় আছেন। মোস্তফার মতো বেতাগী উপজেলার সরিষামুড়ী ইউনিয়নের কালিকাবাড়ি এলাকায় গত ছয় মাসে ৫০টি পরিবারের বসতবাড়ি নদীভাঙনে বিলীন হয়েছে। আর গত এক বছরে বিলীন হয়েছে শতাধিক পরিবারের

৩ এর পাতায় দেখুন

## কিশোরগ্যাং নির্মূলে চিফ হুইপের কঠোর নির্দেশনা, এক অভিযানে আটক ২১

**পাথরঘাটা প্রতিনিধি**

বরগুনার পাথরঘাটায় বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে ২১ জনকে আটক করেছে পুলিশ। জাতীয় সংসদের চিফ হুইপ ও বরগুনা-২ আসনের সংসদ সদস্য মো. নুরুল ইসলাম মণির কঠোর নির্দেশনার পর মাদক ও কিশোরগ্যাং নির্মূলের উদ্দেশে চালানো একটি অভিযানে সন্দেহভাজন হিসেবে তাদেরকে আটক করা হয়। বৃহস্পতিবার (২২ অক্টোবর) সন্ধ্যা থেকে শুরু করে রাত সাড়ে ১০টা পর্যন্ত পাথরঘাটা পৌরসভার বিভিন্ন এলাকায় এ অভিযান পরিচালনা করা হয়। এ সময় ২১ জনকে আটকসহ ৯টি মোটরসাইকেলও জব্দ করে থানা হেফাজতে নেওয়া হয়। সন্দেহভাজনদের মধ্যে

৩ এর পাতায় দেখুন

## নালা-খাল ভরাট করে ভবন নির্মাণ, বাড়ছে জলাবদ্ধতা

**পটুয়াখালী প্রতিনিধি**

পটুয়াখালীর দুমকীতে পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়কে (পবিপ্রবি) কেন্দ্র করে দ্রুত সম্প্রসারিত হচ্ছে আবাসিক এলাকা। একের পর এক বহুতল ভবন নির্মাণ ও নিচু জমি ভরাট করে গড়ে উঠছে নতুন বসতি। তবে এ সম্প্রসারণের সঙ্গে তাল মিলিয়ে গড়ে ওঠেনি পরিকল্পিত পানি নিষ্কাশনব্যবস্থা। ফলে অল্প বৃষ্টিতেই জলাবদ্ধতার আশঙ্কা বাড়ছে আবাসিক এলাকায়। অন্যদিকে, ড্রেনেজ ব্যবস্থা না থাকায় বর্ষা মৌসুমে কাদা ও নোংরা পানিতে দুর্ভোগ পোহাতে হচ্ছে উপজেলার গুরুত্বপূর্ণ

৩ এর পাতায় দেখুন



অধ্যাপক ডা. এন.সি.দে রবীন
এমবিবিএস(ঢাকা)ডি.ও(ডিএমসি)
এমডিপি(ইউএসএ) ট্রেইন্ড ইন
অরবিস(আমেরিকা)বেইজিং(চীন)
এনআইও(ঢাকা)ফ্যাকো ও গ্লোকোমা
ফেলো,জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউড, ঢাকা
ও.এস.বি ন্যাশনাল কনফারেন্স ও শেবাচি সেবা
পদকপ্রাপ্ত
মাথা ব্যথা, গ্লোকোমা, ফ্যাকো সার্জন ও চক্ষু বিশেষজ্ঞ
বিভাগীয় প্রধান:
শের-ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল (এক্স) বরিশাল
সাউথ এ্যাপোলো মেডিকেল কলেজ ও হাসপাতাল বরিশাল
বরিশাল চেম্বার: মেঘা ডায়াগনস্টিক ল্যাব
৪০ সদর রোড (হোটেল আলী ইন্টাঃ এর বিপরীতে) বরিশাল। সিরিয়ালের জন্যঃ ০১৭৪৩৯৩২০৮৮, ০১৭১৫৮৬৩৭৬৭

## রাঙ্গাবালীর ৭১ প্রাথমিকের ৫৬টিতেই নেই প্রধান শিক্ষক

**রাঙ্গাবালী প্রতিনিধি**

পটুয়াখালীর উপকূলাঞ্চলীয় রাঙ্গাবালী উপজেলার ৭১টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে মাত্র ১৫টিতে রয়েছেন নিয়মিত প্রধান শিক্ষক। বাকি ৫৬টি স্কুলেই দীর্ঘদিন ধরে পদটি শূন্য। এর মধ্যে ২৩টিতে সহকারী শিক্ষকেরা 'চলতি দায়িত্ব' এবং ৩৩টিতে 'ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক' হিসেবে প্রশাসনিক চাকা সচল রাখার চেষ্টা করছেন। প্রাতিষ্ঠানিক দাপ্তরিক কাজ সামলাতে গিয়ে শিক্ষকদের একাগ্র পাঠদান ব্যাহত হচ্ছে, যার প্রত্যক্ষ প্রভাব পড়ছে কোমলমতি শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রমে। এতে একদিকে যেমন ক্ষুণ্ণ হচ্ছে শিক্ষার মান, অন্যদিকে শিক্ষক সংকটে তৈরি হয়েছে এক ধরনের অচলাবস্থা। এ অবস্থায় দ্রুত শূন্য পদ পূরণের জোর দাবি জানিয়েছেন শিক্ষক, শিক্ষার্থী ও ক্ষুব্ধ অভিভাবকেরা। উপজেলার চর বেষ্টিন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সরজমিনে গিয়ে জানা যায়, বিদ্যালয়টিতে প্রায় সাড়ে তিনশো শিক্ষার্থী থাকলেও কর্মরত শিক্ষকের সংখ্যা মাত্র তিনজন। রাজিব মিয়া নামের এক সহকারী শিক্ষক প্রায় দেড় বছর ধরে ভারপ্রাপ্ত প্রধান

৩ এর পাতায় দেখুন

## হামের উপসর্গে আরও ৭ মৃত্যু, মোট প্রাণহানি বেড়ে ১২১৪

**কীর্তনখোলা ডেস্ক**

দেশে হামের উপসর্গ নিয়ে মৃত্যু অব্যাহত রয়েছে। গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে আরও সাতজনের মৃত্যু হয়েছে। এ নিয়ে চলতি বছর এখন পর্যন্ত হামের উপসর্গ নিয়ে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১ হাজার ১১০ জনে। একই সময়ে নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়ে মারা গেছে ১০৪ জন। সব মিলিয়ে হাম ও হামের উপসর্গ নিয়ে মোট মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ১ হাজার ২১৪। শুক্রবার স্বাস্থ্য অধিদপ্তরের প্রকাশিত বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। এতে বৃহস্পতিবার সকাল ৮টা থেকে শুক্রবার সকাল ৮টা পর্যন্ত ২৪ ঘণ্টার হিসাব তুলে ধরা হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় ১ হাজার ১১০ জনের মধ্যে হামের উপসর্গ দেখা গেছে। এ সময়ে পরীক্ষায় ২৫ জনের শরীরে হাম শনাক্ত হয়েছে। গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত দেশে ২ লাখ ১৮ হাজার ৮৭০ জনের মধ্যে হামের উপসর্গ দেখা গেছে। একই সময়ে নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়েছে ২৩ হাজার ২৭৩ জন। গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে মারা যাওয়া সাতজনের মধ্যে

৩ এর পাতায় দেখুন

## মাদ্রাসার দোকান দখলের অভিযোগ বিএনপি নেতাদের বিরুদ্ধে

**কীর্তনখোলা রিপোর্ট**

বরগুনার আমতলীতে একটি দাখিল মাদ্রাসার ভাড়া দেওয়া দোকান দখলের উদ্দেশ্যে তালা লাগিয়ে দেওয়ার অভিযোগ উঠেছে স্থানীয় তিন বিএনপি ও অঙ্গসংগঠনের নেতার বিরুদ্ধে। এতে দোকানটিতে ব্যবসায়ী সফিকুল ইসলাম রিপন তালুকদারের প্রায় পাঁচ লাখ টাকার পশু ও মাছের খাদ্য আটকা পড়েছে। বন্ধ হয়ে গেছে তাঁর ব্যবসায়িক কার্যক্রম। এ ঘটনায় মাদ্রাসার সুপার শুক্রবার (২৩ অক্টোবর) আমতলী থানায় লিখিত অভিযোগ দিয়েছেন। পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। অভিযুক্ত ব্যক্তিরা হলেন আমতলী উপজেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক ও সাবেক ইউপি সদস্য মো. জসিম উদ্দিন হাওলাদার, উপজেলা শ্রমিক দলের সহসভাপতি ও সাবেক ইউপি সদস্য মো. শাহজাহান সরদার এবং উপজেলা

৩ এর পাতায় দেখুন

## পুকুরে ডুবে প্রাণ গেলো ফুফু ও ভাতিজির

**বোরহানউদ্দিন প্রতিমিধি**

ভোলার বোরহানউদ্দিনে পুকুরে ডুবে একই বাড়ির দুই শিশুর মৃত্যু হয়েছে। শুক্রবার (২৩ অক্টোবর) সকালে উপজেলার বড়মানিকা ইউনিয়নের ৩ নম্বর ওয়ার্ডের দানু হাজী বাড়িতে এ ঘটনা ঘটে। নিহত শিশুরা হলো ওই বাড়ির মো. শাহিনের মেয়ে মোসা. মাহা (৬) ও আব্দুল গনির মেয়ে মোসা. তানহা (৬)। সম্পর্কে তারা আপন ফুফু ও ভাতিজি। স্বজনদের বরাতে জানা গেছে, শুক্রবার সকাল ১০টার দিকে দুই শিশু বাড়ির পুকুরে গোসল করতে যায়। তাদের সন্দেহ, পুকুরের ঘাটলা থেকে পিছলে পানিতে পড়ে তারা ডুবে যায়। একপর্যায়ে তানহার মরদেহ পানিতে ভেসে ওঠে। পরবর্তীতে স্থানীয় লোকজন ও নিকটাত্মীয়রা পুকুর থেকে মাহার মরদেহ

৩ এর পাতায় দেখুন

## ভাণ্ডারিয়ায় ছয় বছরের শিশুকে ধর্ষণের অভিযোগে মামলা

**ভাণ্ডারিয়া প্রতিনিধি**

পিরোজপুরের ভাণ্ডারিয়ায় ছয় বছর বয়সী এক শিশুকে ধর্ষণের অভিযোগে মো. করিম সিকদার (৫৫) নামের এক ব্যক্তির বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। অভিযুক্ত করিম সিকদার উপজেলার ৩ নম্বর তেলিখালী ইউনিয়নের দক্ষিণ তেলিখালী এলাকার মৃত মোকলেস উদ্দিন শিকদারের ছেলে। এঘটনায় শিশুটির বাবা মো.হায়দার মাতুব্বর বাদি হয়ে বৃহস্পতিবার রাতে ভাণ্ডারিয়া থানায় একটি ধর্ষণ মামলা দায়ের করেন। মামলার এজাহার ও স্থানীয় সূত্রে জানা গেছে, গত সোমবার (১৯ অক্টোবর) দুপুরে শিশুটি তার বাবার সাথে বাড়ির পাশে নদীর ঘাটে নৌকা মেরামতের কাজ দেখতে যায়। সেখানে শিশুটিকে বসিয়ে রেখে তার বাবা নৌকা মেরামতের

৩ এর পাতায় দেখুন

## ভারপ্রাপ্ত অধ্যক্ষের যোগসাজশে মাদ্রাসার গাছ কেটে নিয়ে যুবদল নেতা

**রাজাপুর প্রতিনিধি**

ঝালকাঠির রাজাপুরে কোনো রকমের রেজুলেশন বা সরকারি অনুমতি ছাড়াই উপজেলার কেওতা ঘিগড়া ফাজিল (ডিগ্রি) মাদ্রাসার মূল্যবান গাছ কেটে নিয়ে যাওয়ার অভিযোগ উঠেছে শুক্তাগড় ইউনিয়ন যুবদল নেতা নাজমুল হুদা চমনের বিরুদ্ধে। প্রতিষ্ঠানটির ভারপ্রাপ্ত অধ্যক্ষ মাওলানা মোবাশ্বের হোসাইন এর যোগসাজশ ও পরোক্ষ সহযোগিতায় এই ঘটনা ঘটেছে বলে স্থানীয়রা ও সংশ্লিষ্ট ব্যক্তিরা অভিযোগ করেছেন। মাদ্রাসার গভর্নিং বডি বা ব্যবস্থাপনা কমিটির কোনো রেজুলেশন (সিদ্ধান্ত) ছাড়াই প্রতিষ্ঠানের সীমানার ভেতরের বড় বড় দুটি আকাশমনি গাছ সহ কয়েকটি গাছ গত বুধবার (২১ অক্টোবর)কেটে ফেলা হয়। সরকারি ও প্রাতিষ্ঠানিক নিয়ম অনুযায়ী, শিক্ষাপ্রতিষ্ঠানের সম্পদ বা গাছ বিক্রির জন্য কমিটির অনুমোদন ও বন বিভাগের অনুমতি আবশ্যক জেনেও ভারপ্রাপ্ত অধ্যক্ষ গোপনে আঁতাত করে নিজ স্বার্থে এমনটাই করেছেন বলে স্থানীয়রা জানান নাম বলতে অনিচ্ছুক একাধিক ব্যক্তি জানান, মাদ্রাসার বর্তমান

৩ এর পাতায় দেখুন



বিসমিল্লাহির রাহমানির রাহিম
কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution.
Accessories Selling. Training
& Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক
মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com